The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 847 | 06 December 2024 | শুক্রবার ২১ অগ্রহায়ণ ১৪৩১


President Biden pardons his son Hunter Biden
>> Page 18

Obama steps back into spotlight after voters ignored his warnings
>> Page 19



Queens man sentenced to jail for shooting NYPD officer
>> Page 18

Hochul says she'll be 'first one to call ICE' if migrant breaks the law
>> Page 19


# আলোচনায় মাইনাস হাসিনা-তারেক!

## আওয়ামী লীগের নেতৃত্বে তাজ ও আইভী?

মাসুদ করিম, *ঢাকা থেকে*




বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে এখন মাইনাসের গুঞ্জন ডালপালা মেলেছে। ওয়ান ইলিভেনে 'মাইনাস টু' নিয়ে তোলপাড় হয়েছে। ওই সময়ে দুই নেত্রী বেগম খালেদা জিয়া এবং শেখ হাসিনাকে মাইনাসের চেষ্টা হয়েছিলো। তাদেরকে গৃহবন্দীও করা হয়। কিন্তু কার্যত সেই ফর্মুলা টেকেনি। তাদের মাইনাস করা যায়নি। এবার আগস্টে গণঅভ্যুত্থানের কারণে শেখ হাসিনা পালিয়ে ভারতে আশ্রয় নেন। ফলে বাংলাদেশের রাজনীতিতে তিনি এক রকমের মাইনাসে আছেন। তবে তিনি নির্বাসিত জীবনেও রাজনৈতিক কর্মকান্ডে সোচ্চার। সম্প্রতি তিনি নিউইয়র্কে আওয়ামী লীগের এক জনসভায় ভার্চুয়াল ভাষণ দিয়েছেন। আগামী ৮ ডিসেম্বর লন্ডন আওয়ামী লীগের জনসভায় ভাষণ দেবার কথা রয়েছে। ১১ ডিসেম্বর যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভায় ভার্চুয়াল বক্তৃতা দেবেন। এই পরিস্থিতিতে শেখ হাসিনাকে আরও কঠোরভাবে দমন করার লক্ষ্যে 'শেখ হাসিনার বিদ্বেষমূলক ভাষণ প্রচারে নিষেধাজ্ঞা' জারি করার জন্যে ট্রাইব্যুনালে আবেদন করা হয়। ট্রাইব্যুনাল আবেদন আমলে নিয়ে বাংলাদেশে সংবাদপত্র, টিভি, অনলাইন মিডিয়া এবং সোস্যাল মিডিয়ায় শেখ হাসিনার এহেন বক্তব্য প্রচারে নিষেধাজ্ঞা আরোপ করা হয়। এই নিষেধাজ্ঞার ফলে বিটিআরসিকে সোস্যাল মিডিয়ায় শেখ হাসিনার বিদ্বেষমূলক ভাষণ সরিয়ে ফেলতে হবে। মাইনাস টু ফর্মুলার আরেক নেত্রী বেগম খালেদা জিয়া বর্তমানে গুরুতর অসুস্থ। তিনি কারাগার থেকে মুক্ত হলেও স্বচ্ছন্দ্যে চলাচল এবং রাজনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণে অনেকটাই অক্ষম। তিনি বিদেশে এরপর ২৬ পৃষ্ঠায়

# গ্রীন কার্ড আবেদনে মেডিকেল রিপোর্ট বাধ্যতামূলক

মনোয়ারুল ইসলাম

ইউ.এস. সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস) একটি নতুন নীতি বাস্তবায়ন করেছে যাতে নির্দিষ্ট কিছু আবেদনকারীদের তাদের ফর্ম ও-৪৮৫ (স্থায়ী বাসস্থান নিবন্ধন বা স্থিতি সামঞ্জস্য করার জন্য আবেদন) সহ তাদের মেডিকেল পরীক্ষার রিপোর্ট জমা দিতে হয়। আগে আবেদনকারীরা তাদের মেডিকেল রিপোর্ট পরে জমা দিতে পারতেন। এখন মেডিকেল রিপোর্ট, ফর্ম ও-৬৯৩ (চিকিৎসা পরীক্ষার রিপোর্ট এবং ভ্যাকসিনেশন রেকর্ড) আবেদনের সাথে থাকতে হবে। ইমিগ্রেশন সার্ভিস সতর্ক করেছে, মেডিকেল রিপোর্ট ছাড়াই জমা দেওয়া আবেদনগুলি বাতিল করা হচ্ছে। এই আপডেট করা নীতি এরপর ২৬ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

## ভারত-বাংলাদেশ সম্পর্ক
# তালি বাজাতে দুই হাত লাগে

হাসান ফেরদৌস



বাংলাদেশ ও ভারতের সম্পর্কে মারাত্মক রকম অবনতি ঘটেছে। অবস্থা এখন এতটাই খারাপ যে আমরা একে অপরের পতাকা অবমাননার প্রতিযোগিতায় নেমেছি। ঢাকায় সাড়ম্বরে ভারতের পতাকা পদদলিত করা হয়েছে। ভারতে বাংলাদেশি পতাকা আনুষ্ঠানিকভাবে পোড়ানো হয়েছে। ভারতে অতি উৎসাহী এক বা একাধিক ব্যক্তি বাংলাদেশের পতাকার আদলে শৌচাগারের পাপোশ বানিয়ে বিক্রিরও প্রস্তাব দিয়েছে।

একে অপরের বিরুদ্ধে আক্রমণের এই প্রতিযোগিতা অবিলম্বে বন্ধ করতে হবে। অন্যথায় দুই দেশের সম্পর্কে যে ক্ষতি হবে তা সহজে পূরণ সম্ভব হবে না। ভারতের অভিযোগ, বাংলাদেশে সংখ্যালঘুর ওপর ব্যাপক নির্যাতন হচ্ছে। এই নির্যাতনের সকল দায়-দায়িত্ব এরপর ২৬ পৃষ্ঠায়

# সিডিপ্যাপ : গর্ভনরের বিরুদ্ধে মামলা

আবু সাইম

কথিত অনিয়মের অজুহাতে কারচুপি ও পক্ষপাতিত্বের মাধ্যমে সিডিপ্যাপ সেবা একটি কোম্পানিকে দেয়ার অভিযোগ উঠেছে নিউইয়র্কের গভর্নর হোকুল ও তার টিম এবং 'ডিপার্টমেন্ট অব হেলথ'র বিরুদ্ধে। বর্তমানে সিডিপ্যাপ সেবাদানকারী প্রতিষ্ঠানগুলো এমন অভিযোগ করেছে। এ বিষয়ে আদালতে মামলাও হয়েছে।

আগামী এপ্রিল থেকে কনজিউমার ডাইরেক্টেড পার্সোনাল অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (সিডিপ্যাপ) মেডিকেডের ২ লাখ সেবাগ্রহীতার কার্যক্রম মাত্র একটি কোম্পানির কাছে ছেড়ে দিয়েছে গর্ভনর কার্যালয়, যাদের এ বিষয়ক কোন পূর্ব অভিজ্ঞতাও নেই। এমনকি প্রতিষ্ঠানটি নিউইয়র্কে বাইরের। বর্তমানে সেবাদাতা অভিজ্ঞ শতশত প্রতিষ্ঠানকে কোন সুযোগ দেয়া হয়নি। তাই একক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়ে কারচুপি অভিযোগ তুলেছে এরপর ২৬ পৃষ্ঠায়

# নিউইয়র্কে ৬০ হাজার অবৈধ অভিবাসী ক্রিমিনাল

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটিতে ৫৮,৬২৬ জন অবৈধ অভিবাসি রয়েছে, যারা হয় দোষী সাব্যস্ত হয়েছে অথবা ফৌজদারি অভিযোগের মুখোমুখি হয়েছেন। এটি বিগ অ্যাপলে বসবাসরত ৭৫৯,২১৮ জন অবৈধ অভিবাসীর ৭.৭%, ইউএস ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট এই তথ্য উল্লেখ করেছে। এছাড়া এই অভিবাসীদের মধ্যে ১,০৫৩ জন 'সন্দেহভাজন বা পরিচিত গ্যাং সদস্য' বলে জানা যায়। অপরাধি অভিবাসিদের বিতারণে ট্রাম্প সরকার কঠোর অবস্থানে রয়েছে। এরপর ৪০ পৃষ্ঠায়

# হাসিনার বক্তব্যে নিষেধাজ্ঞা

আজকাল রিপোর্ট

জুলাই-আগস্ট গণহত্যা মামলার প্রধান আসামি সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিদ্বেষমূলক বক্তব্য গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারে নিষেধাজ্ঞা দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। একইসঙ্গে শেখ হাসিনা আগে এরপর ২৬ পৃষ্ঠায়

# হাসিনার কোটিপতি পিয়ন বাংলাদেশ কনস্যুলেটে

আজকাল রিপোর্ট



সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সেই কোটিপতি পিয়ন/ভৃত্য জাহাঙ্গীর আলম এখন নিউইয়র্কে। গত বুধবার ৪ ডিসেম্বর নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটে জাহাঙ্গীর যান ব্যক্তিগত কাজের জন্য।তিনি পাওয়ার এটর্নি সত্যায়ন করানোই ছিল তার উদ্দেশ্য। কিন্তু কনস্যুলেটের স্টাফরা তাকে চিনে ফেলেন। সাথে সাথে এরপর ২৬ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57th STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED, President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

# NEW YORK SENIOR ADULT DAY CARE

## WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem
Hamaspik Managed Care
MetroPlusHealth
SWH Senior Whole Health



সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

A CONCERN OF SHAH NAWAZ GROUP

**Shah M. Nawaz** MBA
*President & CEO*
646-591-8396

CALL US NOW:
718-516-3425

SNG SHAH NAWAZ GROUP

CONTACT US:

Off: 718-516-3425 | newyorksadc.com | 116-33 Queens Blvd | 78-06 101 Ave, Suit C
FAX: 646-568-6474 | intake@ny-sadc.com | Forest Hills, NY 11375 | Ozone Park, NY 11416


NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



Moin Choudhury, Esq

## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)
**Call:917-282-9256**
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামুলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
Mohammad B Hossain (Belal)
President & CEO
SAUDI ARABIAN AIRLINES
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.

# বিজয়ের মাসের ভাবনা-দুর্ভাবনা

সঠিক ইতিহাস প্রতিষ্ঠার জন্য সবচেয়ে বড় বাধা হলো রাজনৈতিক বিভাজন। আমাদের দেশের রাজনীতি আজ এমন জায়গায় পৌঁছেছে, যেখানে মুক্তিযুদ্ধের প্রসঙ্গটি অনেক সময় বিভাজন ও মতবিরোধের কারণ হয়ে দাঁড়ায়। বিজয়ের মাসে আমরা কি শপথ নিতে পারি না যে আমরা আর কোনোভাবেই বিভাজনের হাতিয়ার হব না! 'মুক্তিযুদ্ধ' শব্দটি হবে আমাদের জাতীয় ঐক্যের ভিত্তি।মুক্তিযুদ্ধ আমাদের শিখিয়েছে কীভাবে আত্মত্যাগ, সাহস ও ঐক্যের মাধ্যমে অসম্ভবকে সম্ভব করা যায়।

ডিসেম্বর বাঙালির বিজয়ের মাস। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণ বাঙালির ৯ মাসের রক্তক্ষয়ী যুদ্ধের চূড়ান্ত বিজয় ঘোষণা করে। এই দিনটি শুধু বাংলাদেশের ভৌগোলিক স্বাধীনতার নয়, একটি জাতির আত্মমর্যাদা, সম্মান ও অধিকার প্রতিষ্ঠার প্রতীক।

স্বাধীনতা কখনোই কারও দানের বিষয় ছিল না; এটি বাঙালির সংগ্রাম, আত্মত্যাগ ও রক্ত দিয়ে কেনা। একাত্তর একটি জাতিকে নতুন করে গড়ে তোলার সুযোগ দিয়েছিল। কিন্তু স্বাধীনতার এত বছর পরও বৈষম্য, গণতন্ত্রহীনতা ও সাম্প্রদায়িকতা আমাদের রাজনৈতিক ও সামাজিক কাঠামোতে গভীর শিকড় গেড়ে বসেছে। ফলে নতুন কোনো পরিবর্তন বা আন্দোলনের বিজয়কে 'দ্বিতীয় স্বাধীনতা' বলা কি একাত্তরকে খাটো করে না?

একাত্তর শুধু রাজনৈতিক স্বাধীনতা নয়, সামাজিক ও অর্থনৈতিক মুক্তিরও প্রতিশ্রুতি দিয়েছিল। বৈষম্যহীন সমাজ গড়ে তোলা, গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠা এবং ধর্মনিরপেক্ষতার মূলনীতি সংবিধানের ভিত্তি হয়েছিল। কিন্তু সময়ের পরিক্রমায় এই আদর্শগুলো রাজনৈতিক ও সামাজিক বাস্তবতায় ক্রমেই ভেঙে পড়েছে। বাংলাদেশের সাধারণ মানুষ আজও আর্থিক বৈষম্যের শিকার। শহর ও গ্রামের জীবনযাত্রার মানে পার্থক্য বেড়েছে। রাজনৈতিক ক্ষমতার কেন্দ্রীকরণ এবং গণতন্ত্রের নামে স্বৈরতান্ত্রিকতা আমাদের সুশাসন প্রতিষ্ঠার পথকে বারবার বাধাগ্রস্ত করেছে।

আমি একজন প্রত্যক্ষদর্শী। একাত্তরের মুক্তিযুদ্ধের বিজয় দেখেছি, দেখেছি একটি স্বাধীন জাতির জন্মের আনন্দ, অমিত সম্ভাবনা এবং একই সঙ্গে তার জটিল পথচলার পরবর্তী অধ্যায়গুলোও আমার অদেখা নয়। বিজয়ের মধুর স্বাদ শুধু অতীতেই সীমাবদ্ধ নয়, পরবর্তী বছরগুলোতেও নানা উত্থান-পতনের মাঝে আমরা সংগ্রাম করেছি নতুন বিজয় অর্জনের জন্য। একই সঙ্গে অনেক ক্ষেত্রে পরাজয়ের তিক্ত স্বাদও আমাদের ছুঁয়ে গেছে। রাজনৈতিক নেতৃত্বের নিত্যনতুন প্রতিশ্রুতি ও ক্রমাগত প্রতিশ্রুতি ভঙ্গের চিত্র আমাদের অদেখা নয়। মুক্তিযুদ্ধের বিজয় ও বিজয় হাতছাড়া হওয়ার ঘটনাগুলো তো চোখের সামনেই দেখা।

গণতন্ত্রহীনতা ও বৈষম্যের পাশাপাশি সাম্প্রদায়িকতার পুনরুত্থানও আমাদের স্বাধীনতার অর্জনকে মলিন করেছে। ধর্মনিরপেক্ষতার যে প্রতিশ্রুতি সংবিধান দিয়েছিল, তা বারবার ভঙ্গ হয়েছে। বিভিন্ন সময় রাজনৈতিক স্বার্থে সাম্প্রদায়িকতাকে ব্যবহার করা হয়েছে, যা কেবল সংখ্যালঘুদের অধিকার নয়, গোটা সমাজের ঐক্য ও সহাবস্থানের ওপর আঘাত হেনেছে।

বিভুরঞ্জন সরকার



বিজয়ের এই মাসে আমাদের গভীরভাবে ভাবতে হবে, এই বৈষম্য, গণতন্ত্রহীনতা ও সাম্প্রদায়িকতার অবসান কীভাবে ঘটবে। প্রথমত, রাজনৈতিক সদিচ্ছার প্রয়োজন। ক্ষমতা কোনো ব্যক্তি বা দলের কাছে কেন্দ্রীভূত না রেখে জনগণের কাছে ফিরিয়ে দিতে হবে। গণতান্ত্রিক প্রক্রিয়াকে শক্তিশালী করতে স্বচ্ছ নির্বাচন, কার্যকর সংসদ ও বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত করা জরুরি। দ্বিতীয়ত, আর্থিক বৈষম্য দূর করতে কল্যাণমূলক অর্থনীতি অনুসরণের কথা গুরুত্ব দিয়ে ভাবতে হবে। শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থানের মতো মৌলিক অধিকারগুলো নিশ্চিত করা ছাড়া সমাজের বৈষম্য দূর করা সম্ভব নয়। তৃতীয়ত, সাম্প্রদায়িকতার বিষ থেকে মুক্ত হতে ধর্মনিরপেক্ষতার চর্চা নতুন প্রজন্মের মধ্যে ছড়িয়ে দিতে হবে। পাঠ্যপুস্তকে অসাম্প্রদায়িক চেতনার বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে।

বিজয়ের মাসে একাত্তরের মুক্তিযুদ্ধ আমাদের শিক্ষা দেয় যে কোনো পরিবর্তনই সহজে আসে না। আত্মত্যাগ, সাহস ও ঐক্যের মাধ্যমে একটি জাতি তার লক্ষ্যে পৌঁছায়। আজ আমাদের আবারও সেই বিশ্বাসের কাছে ফিরে যেতে হবে। একাত্তর ছিল আমাদের প্রথম স্বাধীনতা, যা আমাদের পরিচিতি দিয়েছে। এখন প্রয়োজন সেই স্বাধীনতার প্রকৃত মানে বাস্তবায়ন করে একটি সাম্য, গণতন্ত্র ও অসাম্প্রদায়িক সমাজ গঠন করা।

১৯৭১ সালের মুক্তিযুদ্ধ আমাদের শিখিয়েছে কীভাবে আত্মত্যাগ, সাহস ও ঐক্যের মাধ্যমে অসম্ভবকে সম্ভব করা যায়। তবে বিজয়ের ৫৩ বছর পরেও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস নিয়ে বিতর্ক অব্যাহত রয়েছে। আমাদের সমাজে একেকজনের কাছে ইতিহাসের একেক রকম ব্যাখ্যা রয়েছে, যা জাতিকে বিভক্ত করছে। নতুন প্রজন্মের এই বিভ্রান্তি দূর করার উপায় নিয়েও আমাদের ভাবতে হবে।

সঠিক ইতিহাস সবার কাছে গ্রহণযোগ্য করতে হলে প্রথমত মুক্তিযুদ্ধের ইতিহাসকে দলীয় বৃত্ত ও সংকীর্ণ রাজনৈতিক ধারার বাইরে আনতে হবে। ইতিহাস কোনো দল বা ব্যক্তির একক সম্পত্তি নয়; এটি জাতির সম্পদ। ১৯৭১ সালে যে মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছিল তার পটভূমি এক দিনে তৈরি হয়নি। কোনো একজনের হাত ধরেও ইতিহাস এগিয়ে যায়নি। আবার এটাও ঠিক যে অনেক চরিত্র থাকলেও সব কাহিনিতেই একজন প্রধান চরিত্র বা নায়ক অবশ্যই থাকে। অনেক মানুষের ছোট-বড় অনেক অবদান থাকলেও বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠার পেছনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান 'নায়কোচিত'।

সে জন্যই মুক্তিযুদ্ধের ঘটনাবলি, এরপর ৩৬ পৃষ্ঠায়



> বিজয়ের ৫৩ বছর পর আমরা যে অর্জনগুলো করেছি, তা যেমন উদ্‌যাপন করব, তেমনি যা করতে ব্যর্থ হয়েছি, তার দায় স্বীকার করতেও পিছপা হব না। মুক্তিযুদ্ধ তখনই প্রকৃত অর্থে সফল হবে, যখন আমরা আমাদের দেশকে এমন একটি জায়গায় নিয়ে যেতে পারব, যেখানে সব নাগরিক সমান মর্যাদা, অধিকার ও সুযোগ উপভোগ করবে। বিজয়ের চেতনা আমাদের জন্য শুধু অতীতের গর্ব নয়, এটি ভবিষ্যতের পথচলারও প্রেরণা। বিজয় ও পরাজয় বারবার আমাদের পথচলায় এসেছে। তবে আমাদের জাতির সবচেয়ে বড় শক্তি হলো প্রতিবার নতুনভাবে উঠে দাঁড়ানোর ক্ষমতা। আমি আশাবাদী, আমাদের আগামী দিনগুলো হবে সত্যিকারের বিজয়ের, যেখানে একটি ন্যায্য, সমৃদ্ধ ও মানবিক বাংলাদেশ বাস্তবায়িত হবে

# গণতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠায় ঐক্যের তাগিদ

> স্বৈরাচারী সরকারের পতনের পর বাংলাদেশের নির্বাচন ব্যবস্থাসহ রাষ্ট্রের গুরুত্বপূর্ণ সংস্কার করতে হবে। আমরা দ্রুত নির্বাচন করতে চাই। সরকারে দায়িত্ব নেওয়ার পর আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম দেশকে ভোটের জন্য প্রস্তুত করতে। প্রস্তুতি শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই নির্বাচন দেওয়া হবে। সংস্কার কাজে দেশের সবাইকে এক হতে হবে। সরকার, সংসদ, নির্বাচনবিধি কেমন হবে, এসব খুব দ্রুত শেষ করতে হবে।' সামগ্রিক পর্যালোচনায় আশা করা যায়, গণতন্ত্র পুনরুদ্ধারে এবং সর্বত্র এর অর্থবহ পরিচর্যায় জনগণের দীর্ঘদিনের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটবে। প্রয়োজনীয় সংস্কারের জন্য কিছুটা সময় অতিবাহিত হলেও দিনশেষে গ্রহণযোগ্য-নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে রাজনৈতিক সরকার গঠনের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জিত হোক-এটিই সময়ের দাবি

ড. ইফতেখার উদ্দিন চৌধুরী



গণতান্ত্রিক প্রক্রিয়ায় যৌক্তিক সংস্কার দৃশ্যমান করে আগামী নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে জাতীয় ঐক্য প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার বিষয়টি জোরালোভাবে তুলে ধরছে প্রায় সব রাজনৈতিক দল। এতে প্রতীয়মান হয়, বিগত আওয়ামী লীগ সরকারের আমলের গণতন্ত্রহীনতার অপসংস্কৃতিকে ঘৃণাভরে সবাই প্রত্যাখ্যান করেছেন। বিগত সরকারের আমলে অর্থ পাচার, নানামুখী দুর্নীতি, অপরাজনীতি, দমনপীড়ন ইত্যাদির পেছনে গণতন্ত্রহীনতাই মুখ্য কারণ হিসাবে চিহ্নিত। প্রায় সব রাজনৈতিক দলের পক্ষ থেকেই গণতান্ত্রিক সংস্কৃতির পরিক্রমায় ভোটের অধিকার প্রতিষ্ঠা করা ছিল প্রধান দাবি। অবাধ-মুক্ত-স্বাধীন ব্যক্তিসত্তায় ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে পছন্দের ব্যক্তিকে জনপ্রতিনিধি হিসাবে নির্বাচিত করার উদ্দেশ্যই হচ্ছে চলমান রাজনীতির প্রধান অঙ্গীকার।

মূলত স্বৈরাচারী মনোভাব নিয়ে নির্বাচনকে কলুষিত করার জন্য বিগত সরকারের সব কার্যক্রম ছিল অবৈধ। সম্পূর্ণ অনৈতিক পন্থায় জনগণের অধিকারের প্রতি চরম অবজ্ঞা প্রদর্শন করে ভূলুণ্ঠিত করা হয়েছিল গণতান্ত্রিক সংস্কৃতির সাবলীল ধারা। সে সময় অনুষ্ঠিত প্রায় প্রতিটি নির্বাচনই দেশে-বিদেশে প্রশ্নবিদ্ধ হয়েছিল। জনগণের প্রত্যাখ্যাত এসব কথিত নির্বাচনকে কেন্দ্র করে ভয়াবহ নিপীড়ন-নির্যাতনের নির্মম অধ্যায় রচিত হয়েছে। কদর্য পন্থায় ভোটের অনুষ্ঠান ছিল নির্লজ্জ কারসাজিতে পরিপূর্ণ। দীর্ঘ সময়ের জন্য ক্ষমতা কুক্ষিগত করার লক্ষ্যেই পরিচালিত হয়েছিল সব অশুভ কার্যক্রম। জাতীয় থেকে আঞ্চলিক পর্যায়ে সব ক্ষেত্রে জনগণের মৌলিক অধিকারকে খর্ব করা হয়েছে। ২০১৪ সালের ৫ জানুয়ারির একতরফা দশম জাতীয় সংসদ নির্বাচনের মধ্য দিয়ে দেশে বিরূপ আবহ তৈরি হয়। এরপর ২০১৮ সালের ৩০ ডিসেম্বরের একাদশ সংসদ নির্বাচন ছিল নিদারুণ বিতর্কিত। একই পন্থায় ২০২৪ সালের ৭ জানুয়ারির দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে ডামি প্রার্থীর মাধ্যমে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ দেখানোর ব্যর্থ চেষ্টা অব্যাহত ছিল।

সংবিধানে জনগণ রাষ্ট্রের সব ক্ষমতার উৎস হিসাবে সুপ্রতিষ্ঠিত। স্বাধীন-সার্বভৌম রাষ্ট্রের নাগরিকদের সংবিধানসম্মত সব অধিকার অবারিত ভোগ করার বিষয়টি নিশ্চিত করা হয়। মৌলিক অধিকার সমুন্নত রাখাসহ ধর্মীয়, আর্থ-সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে জনগণের অবাধ-স্বাধীন অংশগ্রহণের নিশ্চয়তা সুরক্ষিত থাকে। বিশ্বের প্রতিটি দেশে গণতান্ত্রিক ব্যবস্থায় রাজনৈতিক পটপরিবর্তন বা ক্ষমতার পালাবদলের পরিক্রমায় জনগণের ভূমিকাই মুখ্য। অহিংস-পরমতসহিষ্ণুতার পরিবেশে যথাযথ ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে অধিকাংশের রায়ের ভিত্তিতে সরকার কাঠামো পরিবর্তনের ধারা সর্বজনস্বীকৃত। নির্বাচনে ধর্ম-বর্ণ, দল-মত, নারী-পুরুষ, অঞ্চল নির্বিশেষে প্রাপ্তবয়স্ক ভোটারদের ন্যায্য অধিকার প্রয়োগের মাধ্যমে নির্ধারিত সময়ের জন্য কারা রাষ্ট্র পরিচালনা করবেন, তা নির্ধারিত হয়। সততা, যোগ্যতা, মেধা-প্রজ্ঞা ও দেশপ্রেমে ঋদ্ধ, জনগণের স্বার্থ সুরক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ এবং দুঃসময়ে পরীক্ষিত নেতৃত্বকে জনপ্রতিনিধিরূপে নির্বাচিত করে জনগণ তাদের পবিত্র সংবিধানসম্মত ন্যায়সংগত অধিকার প্রয়োগে বদ্ধপরিকর। উন্নত, উন্নয়নশীল ও অনুন্নত বিশ্বের সব গণতান্ত্রিক দেশে সরকার পরিবর্তনের প্রচলিত নিয়ম প্রায় অভিন্ন।

গণতান্ত্রিক ধারাবাহিকতা রক্ষা করে সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে পরবর্তী সরকার গঠনের সব কর্মকৌশল অবশ্যই প্রতিপালনযোগ্য। গণতান্ত্রিক মূল্যবোধের যথার্থ ধারণ ও পরিচর্যা আধুনিক রাষ্ট্রের উন্নয়ন-অগ্রগতির অন্যতম উপাদান। সর্বস্তরের জনগণের কল্যাণের জন্য বিধিবদ্ধ প্রক্রিয়ায় অবাধ-সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠান এবং জনপ্রতিনিধি দ্বারা পরিচালিত রাষ্ট্রব্যবস্থাই প্রগতিশীল রাজনৈতিক ধারার প্রকৃষ্ট উপায়। প্রকৃতপক্ষে সব দল-মতের সম্মিলিত অংশগ্রহণ ও সমর্থনে নেতৃত্ব বাছাই এবং সঠিক প্রতিনিধিত্বের ভিত্তিতে সরকার গঠন ও রাষ্ট্র পরিচালনা গণতন্ত্রকে শক্তিশালী করে। গণতন্ত্র হলো আধুনিক বিশ্বের সর্বাপেক্ষা সমাদৃত শাসনব্যবস্থা, যা বিংশ শতাব্দীর গোড়ার দিক থেকে শুরু করে বিশ্বের সর্বত্রই জনপ্রিয়তা অর্জনে সক্ষম হয়েছিল। বিপুল পরিবর্তন-পরিমার্জনের মধ্য দিয়ে বর্তমানেও গণতন্ত্র সমধিক জনপ্রিয় শাসনব্যবস্থার রূপ পরিগ্রহ করে চলেছে। গণতন্ত্র যে কোনো সমাজে পরিশুদ্ধ পন্থায় সমগ্র জনগোষ্ঠীর কল্যাণ সাধনে রাষ্ট্র বা সরকার পদ্ধতিকে নির্দেশিত করে। একনায়কতন্ত্র বা রাজতন্ত্রের বিপরীতে জনগণের শাসন বা শাসননীতি অনুসারে পরিচালিত রাষ্ট্রব্যবস্থা গণতন্ত্রের শাশ্বত ধারণার সুস্পষ্ট বহিঃপ্রকাশ। গণতন্ত্র সরকার পরিচালনা ও নীতিনির্ধারণে জনগণের অংশগ্রহণ, মানুষের স্বাধীনতা-অধিকার নিশ্চিতকরণ, রাজনৈতিক চেতনা বৃদ্ধি, আইনের শাসন প্রতিষ্ঠাসহ সরকারকে দায়িত্বশীল ভূমিকা পালনে সহায়তা করে। প্রকৃতপক্ষে গণতন্ত্রের ঐতিহ্য সমুন্নত রাখার তাৎপর্যপূর্ণ ভিত্তি হচ্ছে সর্বজনস্বীকৃত নির্বাচন অনুষ্ঠান।

গণতন্ত্রের প্রাথমিক মূল্যবোধ হচ্ছে-ব্যক্তি স্বাতন্ত্র্যের প্রতি শ্রদ্ধাবোধ অর্থাৎ ব্যক্তির মৌলিক স্বাধীনতা তথা চিন্তার স্বাধীনতা, বাকস্বাধীনতা, সংগঠনের স্বাধীনতা, ভোটদান, দল গঠন, অংশগ্রহণ, প্রার্থী হওয়ার স্বাধীনতা, নির্বাচনে অংশগ্রহণের স্বাধীনতা, ভোট দেওয়ার স্বাধীনতা ও অভিযোগ উত্থাপনের স্বাধীনতা অর্থাৎ এরপর ৩৭ পৃষ্ঠায়



www.careeracademyny.com

# CAREER ACADEMY OF NEW YORK



## BECOME A CERTIFIED HOME HEALTH AIDE TODAY!

## HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE

347-425-3878
CALL NOW

A CONCERN OF SHAH NAWAZ GROUP

347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Basement Environmental Health & Safety

আপনার বেসমেন্ট, গ্যারেজ, অ্যাটিক বা পিছনের উঠোনকে বৈধ করতে বিনামূল্যে NYC ADU অনুদানের অর্থ ব্যবহার করুন। (PlusOneADU@hpd.nyc.gov or 311).


DANGER


## সাবধান- Do Not SLEEP in an Unhealthy Toxic Basement without a Safety Inspection

### Serious Health Hazards in your Basement

Various Health Issues, Chronic Respiratory illness, Cancer, Kidney, liver, Brain damage, Risk of Severe Mental Health Depression, and Central Nervous System even death. (অস্বাস্থ্যকর বেসমেন্টে দীর্ঘায়িত ঘুমের জন্য দায়ী। বিভিন্ন স্বাস্থ্য সমস্যা, দীর্ঘস্থায়ী শ্বাসযন্ত্রের রোগ, ক্যান্সার, কিডনি, লিভার, মস্তিষ্কের ক্ষতি, গুরুতর স্বাস্থ্যের অবনতি এবং কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের ঝুঁকি, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।)







**Homeowners:** Minimizing Liability and Preventing Legal Lawsuit (আবশ্যিক নিরাপত্তা পরিদর্শন: দায়বদ্ধতা কমানো এবং আইনি মামলা প্রতিরোধ).

- Indoor Air Quality- Lead-Based Paint Check, Radon Gas, and other Toxicity Inspections. বাড়ির মালিকদের অবশ্যই এই ধরনের পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং তাদের অবশ্যই সংশোধন করতে হবে। অস্বাস্থ্যকর বেসমেন্ট থেকে, ভাড়া আদায় নিষিদ্ধ।
- Basement Tenant: Get Help from HPD Grant Money, Move Out from an Unhealthy Toxic Basement. (বেসমেন্ট ভাড়াটিয়া: HPD অনুদানের অর্থের সাহায্য নিন, অসুস্থকর বিষাক্ত বেসমেন্ট থেকে বেরিয়ে আসুন, এবং দীর্ঘায়ু লাভ করুন।) আইনজীবী ছাড়া বেজমেন্ট ভাড়াটিয়ার উচ্ছেদ, ব্যক্তিগত তদন্তের মাধ্যমে অর্থ সংগ্রহ, এবং সম্প্রদায়ের মধ্যস্থতা।

917-618-0740 Bcsafetymediator@gmail.com


4Th World Fair & Fest
New York - 2024
Hon. Moin Choudhury Esq
Turquoise Hoskin
Civil Court Judge
Honorable Chief Guest
Kathy Hochul
New York State Governor
Guest of Honor
Shah Nawaz MBA
President & CEO, Shah Nawaz Group
Susan Zwang
Council Member
Jennifer Rajkumar
SALIM IBRAHIM
Convener
917-285-6449
MOHAMMED MASUD RANA
Chairman
347-891-6940
DR. MUKTAR AHMED
Member Secretary
347-892-0755
MINTU KUMAR ROY
Chief Adviser
914-765-9093
Dec 8th 2024
Sunday at 6 pm
Live Music By:
NY Bangla Band
Queens Palace
37-11 57th St, Woodside
NY 11377
TAREQ MAHMUD
President
347-476-8475
SHOHEL CHOWDHURY
General Secretary
321-900-6125
You are cordially invited
Free entry including Full course dinner
Dr Kamrul Islam
Co - Convener
Saghir Khan
Deepak Das
Sadia Afrin
Dr. Rafiqul Islam
Tapash Saha
Nilufa Yesmin
Md Israfil
Nasren Zumur
Jahirul Haque
Sound, Media, News & Printing Pertnar
PINK NOIZE PRODUCTIONS
CHANNEL i
ntv
আজকাল
elite printing
Organized by:
Association of World Fair and Fest USA Inc
ASSOCIATION OF WORLD FAIR AND FEST USA


নরসিংদী জেলা সমিতি ইউএসএ ইনক
NARSINGDI ZILLA SOMMITY USA INC
নবনির্বাচিত
কার্যকরী পরিষদ
২০২৫
মোঃ হারুন অর রশীদ
সভাপতি
মোঃ হাবিবুর রহমান হাবিব
সাধারন সম্পাদক
মোঃ মাহবুবুর রহমান (মুকুল)
সি: সহ সভাপতি
মোঃ তরিকুল ইসলাম তুহীন
সহ সভাপতি
বাবু সন্তোষ সাহা
সহ সভাপতি
মোঃ তাজুল ইসলাম (কামাল)
সহ সভাপতি
মোঃ গোলাম কিবরিয়া
সহ সাধারন সম্পাদক
মোঃ কামরুজ্জামান ভূঁইয়া
সাংগঠনিক সম্পাদক
মোঃ ওবায়েদুর রহমান ভূঁইয়া (ইমন)
কোষাধ্যক্ষ
মোঃ লুৎফর রহমান খান
সমাজ কল্যাণ সম্পাদক
মোঃ কামাল হোসেন
দপ্তর সম্পাদক
মোঃ আসাদ উজ জামান বাবু
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
মোঃ ফারুক মিয়া
প্রচার সম্পাদক
আয়েশা বেগম
মহিলা বিষয়ক সম্পাদিকা
মোঃ আসরাফুল আজিজ (মুরাদ)
আইন ও আন্তর্জাতিক সম্পাদক
আহসান হাবিব
কার্যকরী পরিষদের সদস্য
মোঃ নাজমুল হোসেন
কার্যকরী পরিষদের সদস্য
আলহাজ্ব সহন ভূঁইয়া
কার্যকরী পরিষদের সদস্য
মোঃ বেলাল হোসেন
কার্যকরী পরিষদের সদস্য
মোঃ তোফাজ্জল হোসেন (কাজী বাবুল)
কার্যকরী পরিষদের সদস্য
মোঃ জাহিদুল হক খান (অরুন)
কার্যকরী পরিষদের সদস্য

## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

### আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা




ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

### দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS JACKSON HEIGHTS NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net



# এ সপ্তাহের কবিতা



## জীবনের ভাবনা
### রুপা খানম

কল্পনা কতো কিছু বলে-
বাস্তবে হয়তো তা মেলে না,
এই দুইয়ের দ্বন্দ্ব চিরন্তন।

ভালো-মন্দ প্রিয়-অপ্রিয় সবকিছু-
সারা জীবন সঙ্গী থেকে যায়।
কি পেলাম, আর পেলাম না-
ভাবে, আর সময় চলে যায়।

এক সময় মনে হয়-
কতোকিছু অযথা চলে গেলো।
কতোকিছু করার ছিলো-
শুধু সময় চলে গেলো-
অনুভূতি জমে হৃদয়ের কোনায়।

মানুষ বদলায়, অচেনা হয়ে যায়-
সবকিছু ধোঁয়াশা হয়ে যায়।
হিসেব মেলালে মেলেনা-
কল্পনা- বাস্তবের দ্বন্দ্ব থেকে যায়।

লেখক: কবি, নিউইয়র্ক।



## আঁকাআঁকি
### সুফিয়ান আহমদ চৌধুরী

ঐকটুকে খুকুমণি
আঁকে ছবি সুখে,
খেলাঘরে ছুটিদিনে
হাসি খুশি মুখে।

পুষি হানা ডাকে ম্যাঁও
ঘুরে সারা ঘরে,
লেজ তুলে খুকু পাশে
সুখে খেলা করে।

খুকুমণি ছবি আঁকে
কী যে রাঙ্গা আঁকে,
সূর্য হাসে ঝকঝকে
আম গাছ ফাঁকে।

দীঘি জলে হাঁস ভাসে
শাপলার মেলা,
ছেলে মেয়ে দল বেঁধে
কানামাছি খেলা।

এইভাবে খুকুমণি
আঁকাআঁকি করে,
একমনে মন দিয়ে
আঁকে খেলাঘরে।

লেখক: কবি, নিউইয়র্ক।





## ইদানীং সন্ন্যাসীরা
### মামুন জামিল

সন্ন্যাসী জানি হয় গৃহত্যাগী লোক
স্রষ্টার ধ্যানে মন বিরহিত সুখ।
অর্থ বা বিত্তের নাই কোনো টান
সৃষ্টির কল্যাণে নিবেদিত প্রাণ।
কাম, ক্রোধ জয় করে ভূ-নশ্বরে
মন তার ছিন্নকৃত থাকে ঈশ্বরে!

আজকাল আধুনিক সন্ন্যাসী দেখি
বেশভূষা আছে শুধু বাকি সব মেকি!
থলথলে ভুঁড়ি আর ন্যাড়া করা মাথা
তার উপর তকমা ধরে রাখে ছাতা!
ব্যাংক জমা থাকে সোনা, শত কোটি টাকা
রাজকীয় হালে চলে জীবনের চাকা!

মানুষের বিশ্বাস পুঁজি করে তারা
ধর্ম বা সমাজে চালু করে ধারা !
ধারাগুলো প্রতিরোধ করে সম্প্রীতি
মানবিক বোধে বাড়ে সংশয়, ভীতি!
হিতাহিত জ্ঞানহারা তকমা যারা
তাহারাই থাকে শুধু ঘোর মাতোয়ারা!!

লেখক: কবি, নিউইয়র্ক।





## বিজয়ের মাঝে
### সুজন দাশ

হাসি আনন্দ বেদনাকে ছুঁয়ে
শ্রদ্ধায় মন যেন যায় নুয়ে
বিজয়ের দিন এলে,
লাখো শহীদের রক্তের ঋণ
বাজায় দুয়ারে আলোকের বিণ!
প্রেরণাকে দেয় ঢেলে।

বিজয় আমারে দেয় মনে বল
চেনায় শত্রু কারা ছিলো খল
লুটে অধিকার মান,
বিজয় আমার উঁচু রাখে শির
বলে দেয় কারা প্রকৃত বীর
কার কী যে অবদান।

বিজয় আমারে বলে দেয় পথ
শেখায় করতে দীপ্ত শপথ
অন্যায় এলে ফিরে,
বিজয়ের মাঝে পেয়েছি এ দেশ
ঘুচেছে মায়ের যন্ত্রণা ক্লেশ!
ফিরেছে শান্তি নীড়ে।

লেখক: কবি, নিউজার্সি।



## বৈশাখী মেলা
### মোহাম্মদ আব্দুল আজিজ

বটতলায় জমলো মেলা
নামল খুশির ঢল,
নানা রকম খেলনা পাবে
(ও রে) কিনবে কে কে চল্। (।।)

মিঠাইর সাথে মজা পাবে
পাবে মুড়কিমুড়ি,
পাখির সাথে ফুল পাবে
পাবে ফুলের ঝুড়ি।
দা-বটি সবই আছে
আছে খেলনা হাড়ি,
আলতার সাথে স্নো পাবে
পাবে তাঁতের শাড়ি।
খোকাখুকু আয় রে ছুটে
নয় তো কোন হল, -ঐ

আয়নার সাথে চিরুনি পাবে
পাবে রেশমী চুরি,
ঝমঝম আছে বাঁশি আছে
আছে লাটাই ঘুড়ি।
পুঁতির মালার সাথে পাবে
হরেক গয়নাগাটি,
পালকির সাথে পুতুল পাবে
পাবে শীতলপাটি।
আরও পাবে জরির ফিতা
পাবে পায়ের মল, -ঐ

লেখক: কবি, নিউইয়র্ক।



## কথা নিয়ে যত কথা [৪]
### মশিউর রহমান রুবেল

কিছু কথা দাগ কাটে মনে
সে কথা অনেকেই জানে।

লুকানো কথা হৃদয় কোনে
বলি শুধু মনে মনে।

কিছু কথা হয় স্মৃতি
এটাই জীবনের রীতি।

কথায় কথায় পড়ে ফাঁদে
কথা ফুরালেই কাঁদে।

কথাও নাকি সৌরভ ছড়ায়
কারো কথায় ঝামেলাটা বাড়ায়।

কথায় কথায় তোলে ঝড়
কথায় হয় আপন পর।

কথায় পড়ে সম্পর্কে টানাটানি
কে দোষী তুমি না আমি।

কথায় সুখের পরশ মাখা
ভালোবাসার আদর আঁকা।

সুখের দিনের কথা মনে রেখো
হৃদয়ের কপাট খুলে বার বার দেখো।

কথায় ফোটে ঠোঁটের কোনে হাসি
আমি তোমায় ভালোবাসি।

লেখক: কবি, ঢাকা।



# President Biden pardons his son Hunter Biden

Ajkal Desk



President Joe Biden announced Sunday that he has pardoned his son Hunter Biden, who faced sentencing this month for federal tax and gun convictions, marking a reversal as he prepares to leave office.
"Today, I signed a pardon for my son Hunter," the president said in a statement. It is a "full and unconditional pardon," according to a copy of the executive grant of clemency.
This official grant of clemency cannot be rescinded by President-elect Donald Trump.
By pardoning his son, Joe Biden has reneged on a public promise that he made repeatedly before and after dropping out of the 2024 presidential race. The president and his top White House spokesperson said unequivocally, including after Trump won the 2024 election, that he would not pardon Hunter Biden or commute his sentence.
The pardon means Hunter Biden won't be sentenced for his crimes, and it eliminates any chance that he'll be sent to prison, which was a possibility.
Hunter Biden's lawyers on Sunday night formally notified the judges in his criminal cases about the pardon — and he said in a sworn affidavit that he has accepted the pardon from his father.
In new court filings, Hunter Biden's lawyers told the judges in both of his cases that the pardon "requires dismissal of the Indictment against him with prejudice and adjournment of all future proceedings in this matter."
Joe Biden said in his statement that he decided to issue the pardon because his son was "selectively, and unfairly, prosecuted," saying that "Hunter was treated differently" from people who commit similar crimes.
The president said his political opponents in Congress "instigated" the charges "to attack me and oppose my election."
He said in his statement, "I believe in the justice system, but as I have wrestled with this, I also believe raw politics has infected this process and it led to a miscarriage of justice. … I hope Americans will understand why a father and a President would come to this decision."
The judges overseeing his cases will likely cancel the sentencing hearings, which were slated for December 12 in the gun case and December 16 in the tax case. The broadly crafted pardon explicitly grants clemency for the tax and gun offenses from his existing cases, plus any potential federal crimes that Hunter Biden may have committed "from January 1, 2014 through December 1, 2024." This time frame, importantly, covers his entire tenure on the board of Ukrainian gas company Burisma and much of his other overseas work, including in China. He had faced scrutiny for his controversial foreign business dealings, and Trump has repeatedly said he should be prosecuted for his activities in Ukraine and elsewhere.
The president further claimed Hunter Biden was "singled out" for prosecution "only because he is my son" — allegations that were previously raised by Hunter Biden's lawyers and resoundingly rejected by two federal judges. The judge who oversaw his gun trial in Delaware concluded that Hunter Biden's theory of a selective prosecution was "nonsensical under the facts here."
In a social media post Sunday night, Trump called the pardon "such an abuse and miscarriage of Justice!" In an apparent joke, Trump also asked whether the pardon includes his supporters who attacked the US Capitol during the January 6, 2021, insurrection — whom he has promised to pardon once he's back in office.

## Democrats rebuke Biden pardon of son Hunter as 'improper use of power'

Ajkal Desk

The fallout was fierce and swift on Monday from an array of Democratic officials over President Joe Biden's pardon of his son, Hunter Biden, following felony convictions earlier this year of tax and gun crimes.
The controversial move, which the president made Sunday after concluding the prosecution of his son was politically motivated, marked a full reversal from previous pledges not to pardon him.
"President Biden's decision to pardon his son was wrong," said Sen. Gary Peters (D-MI), who ran Senate Democrats' campaign arm this cycle and is up for reelection in 2026. "A president's family and allies shouldn't get special treatment. This was an improper use of power, it erodes trust in our government, and it emboldens others to bend justice to suit their interests." Sen. Michael Bennet (D-CO) said Biden "put personal interest ahead of duty and further erodes Americans' faith that the justice system is fair and equal for all."
"President Biden's pardon of his son Hunter is, as the action of a loving father, understandable," Sen. Peter Welch (D-VT) said. "But as the action of our nation's chief executive, unwise." Many Democrats expressed empathy for Biden's apparent desire to protect his son but warned that the sweeping blanket pardon extending as far back as 2014 and beyond the scope of his conviction could set a poor precedent for future abuses of power. Biden's move made him an easy target for Democrats, given his low approval ratings as he prepares to leave office in the wake of his party's crushing defeats at the ballot box against Republicans. More progressive lawmakers, such as "Squad" member Rep. Rashida Tlaib (D-MI), fumed that Biden should instead use his pardon pen for tens of thousands of Americans incarcerated for drug crimes. Gov. Jared Polis (D-CO), a possible 2028 presidential contender, went so far as to say Biden's decision may forever "tarnish his reputation."
"While as a father I certainly understand President Joe Biden's natural desire to help his son by pardoning him, I am disappointed that he put his family ahead of the country," Polis said. "This is a bad precedent that could be abused by later presidents and will sadly tarnish his reputation. When you become president, your role is Pater familias of the nation. Hunter brought the legal trouble he faced on himself, and one can sympathize with his struggles while also acknowledging that no one is above the law, not a president and not a president's son."



## Queens man sentenced to jail for shooting NYPD officer

Shah Nawaz

The man accused of shooting an NYPD officer in April 2023 was sentenced to 39 years to life in prison, Queens District Attorney Melinda Katz announced Monday.
Devin Spraggins, 24, was convicted of attempted murder in the first degree, and aggravated assault of a police officer, among other charges.
On April 5, 2023, Officer Brett Boller and Officer Anthony Rock were on a routine patrol when Spraggins attacked a passenger on an MTA bus in the Jamaica business district, according to court documents.
The officers tried to intervene but Spraggins pushed past them, leading to a foot pursuit. Spraggins reportedly turned towards the officers while holding a gun, but continued to run, officials say.
At one point, Spraggins turned and shot Officer Boller at point-blank range, officials say. Spraggins reportedly took a shooter's stance and aimed at Officer Rock but had no bullets left as he dropped a loaded magazine during the pursuit.
Spraggins escaped and was apprehended the following day at a residence in the Bronx.
Officer Boller underwent surgery, returned to modified duty, and was recently promoted to detective. Officer Rock was not injured during the incident.
"All of this started because of a seat on a bus," said DA Katz. "A police officer has spent over a year with surgeries and physical therapy recovering from getting shot, and only by a twist of fate was not killed. Devin Spraggins used an illegal firearm and shot Police Office Brett Boller. With the officer on the ground, this defendant did not attempt escape. Instead, he aimed that gun and pulled the trigger. This would have been a cold-blooded execution, if not for the magazine dropping from the gun as Spraggins ran from the police. A jury has spoken, and this defendant has now been sentenced to prison."

# 60,000 'criminal' migrants living in New York City

Ajkal Desk



New York City is home to 58,626 illegal immigrants who either are convicted felons or facing criminal charges, according to a recent report.
That is 7.7% of the 759,218 illegal migrants living in the Big Apple, U.S. Immigration and Customs Enforcement noted. Additionally, 1,053 of those migrants are "suspected or known gang members."
"In New York City, it would take a lifetime to clear the city of the criminals that we have," Kenneth Genalo, head of ICE's New York City office, told the New York Post.
Thanks to a law signed by then-Mayor Bill de Blasio in 2014, local police officers are barred from working with federal authorities to deport criminals from the country. In 2018, de Blasio went further by codifying the rule in NYPD protocol. Mayor Eric Adams, an outspoken critic of the Biden administration's handling of the migrant crisis, has repeatedly called for the New York City Council to loosen sanctuary laws to go after criminals.
"Mayor Adams has repeatedly said that while we will continue to respect our city's sanctuary laws, we must also have a serious conversation about the small number of individuals who repeatedly commit violent crimes in our city and the consequences they face," mayoral spokesperson Kayla Mamelak told the outlet. In June, Democratic Councilman Robert Holden and Republican Council Minority Leader Joe Borelli co-sponsored legislation that would roll back protections for migrants who committed or are accused of committing a crime, but the bill stalled. Nationwide, it is estimated that more than 662,000 illegal migrants face criminal charges or have been convicted. In addition to New York City, cities such as Denver and Chicago have been overwhelmed by gangs such as Tren de Aragua.

# Obama steps back into spotlight after voters ignored his warnings

Ajkal Desk



Former President Barack Obama is stepping back into the spotlight after President-elect Donald Trump's decisive 312 to 226 Electoral College victory last month, raising questions about his role in the Democratic Party moving forward.
Obama is participating in a conversation with former German Chancellor Angela Merkel about her new book at the Anthem in Washington, D.C., on Monday. Merkel's book offers an extensive list of complaints about Trump in her new memoir, describing her experience working with him in an unflattering light. The former president also plans to headline the 2024 Obama Democracy Forum in Chicago later this week with actor Ryan Reynolds and country singer Reyna Roberts to discuss "pluralism," in which diverse communities find ways to work together. Obama's public appearances come less than a month after the presidential election left Democrats attempting to understand why the party appears to be disconnected from working-class voters. The results of the election also have led some to question whether Obama's influence remains relevant. Longtime Democratic strategist Hank Sheinkopf believes Obama is a critical figure within the Democratic Party.
"His influence is not waning — you can't get rid of heroes if you can't replace them," he said. "The Democrats have a generational issue and a fundamental identity issue." "The party has to regroup. The question is — can Barack Obama and the heroes of the past help them do that, or do they need an entire new generation to get to work?" Sheinkopf said.
Topics that will be addressed at the Obama Foundation Forum on Thursday will be "Why Pluralism Matters," "How to Make Progress in Polarized Times," and "The Power of Culture and Connection." Attendees will participate in workshops where they will "learn new tools to foster productive dialogue essential to inclusive and resilient communities," according to the Obama Foundation. Brad Bannon, a Democratic strategist, believes Obama feels more comfortable appearing in public in an effort to speak out about Trump's plans.

# UN appeals for $47 billion for aid in 2025

Ajkal Desk

The lack of funds this year saw a 80% reduction in food aid being delivered in Syria, cuts to protection services in Myanmar



The United Nations has issued a global appeal for more than $47 billion to provide humanitarian aid across 32 countries. The United Nations' new humanitarian chief Tom Fletcher warned that the rising inequality, combined with the convergence of conflict and climate change, has created a "perfect storm" of needs."The world is on fire and this is how we put it out," Fletcher told reporters in Geneva on Wednesday. Fletcher said he was looking ahead to 2025 with "dread."The appealed funds will be used to help 190 million people across 32 countries. However, the UN estimates there are 305 million people globally who will need some form of relief next year. While launching the Global Humanitarian Overview Fletcher acknowledged that the aid will not be able to reach all those in need.
"There's 115 million that we won't be able to reach" with this plan, Fletcher acknowledged. It will be "ruthless" to decide how to spend this money, Fletcher said, considering the prolonged crises in Gaza, Sudan, Syria and Ukraine.
"We are dealing with a poly-crisis right now globally, and it is the most vulnerable people in the world who are paying the price," Fletcher said. Highlighting an underfunding problem, Fletcher said significant "donor fatigue" was impacting humanitarian action. He stressed the need to lay out a "realistic" plan, which will require prioritization and making "really tough, tough choices." Until last month, only 43% of the $50-billion appeal for this year was met. The lack of funds this year saw a 80% reduction in food aid being delivered in Syria, cuts to protection services in Myanmar, and reduced water and sanitation aid in cholera-prone Yemen, the UN said.



# Hochul says she'll be 'first one to call ICE' if migrant breaks the law

Ajkal Desk

Gov. Kathy Hochul (D-NY) said at a retail theft-related press conference Tuesday she would be "the first one to call ICE" if a migrant or illegal immigrant breaks the law. That stance goes against some other governors who have vowed to protect illegal immigrants in their states against President-elect Donald Trump's mass deportation plans. The New York governor added that she supports finding asylum-seekers work. "That's separate from people who are criminals," she said. "If someone breaks the law, I'll be the first one to call up ICE and say, get them out of here." While Hochul's stance isn't strikingly different from other Democrats, most have agreed that those who break the law significantly should face consequences, the majority have flat-out refused to assist the Trump administration's federal immigration authority. Gov. Gavin Newsom (D-CA) called a legislative special session in California to resist Trump's conservative agenda. "The freedoms we hold dear in California are under attack — and we won't sit idle," Newsom said in a statement. "California has faced this challenge before, and we know how to respond. We are prepared to fight in the courts, and we will do everything necessary to ensure Californians have the support and resources they need to thrive."
"No one's off the table," Tom Homan, Trump's nominated "border czar," said at the Republican National Convention in July. "If you're in the country illegally, you better be looking over your shoulder."
Hochul caught quick backlash for her statement from possible 2026 Republican gubernatorial candidate Rep. Mike Lawler (R-NY).
"If Governor Hochul actually meant what she said, Laken Riley would still be alive today," he said.
"The truth is she doesn't, and she even helped usher in NY's sanctuary state status. This shameless effort to hide from her record won't be forgotten by New Yorkers."
Hochul said she would be running for reelection "but not now I'm governing and doing my job," in response to criticism from Lawler as well as Rep. Ritchie Torres (D-NY), another gubernatorial candidate.
The governor has been vastly unpopular for her pause, then reinstatement, of congestion pricing and handling of migrants in the state. While she helped House Democrats flip several seats in their favor, her job security remains under threat.



# নিয়ন্ত্রণ করুন বুক জ্বালাপোড়া

ডা. মুহাম্মদ সায়েদুল আরেফিন



যেকোনো হাসপাতালের বহির্বিভাগে আগত রোগীদের উল্লেখযোগ্য একটি অংশ বুক জ্বালাপোড়া সমস্যা নিয়ে চিকিৎসকের শরণাপন্ন হয়। এটি মূলত যে রোগের কারণে হয়ে থাকে সেটিকে চিকিৎসাবিজ্ঞানের ভাষায় 'গ্যাস্ট্রো-ইসোফেজিয়াল রিফ্লাক্স ডিজিজ' বলে। বাংলাদেশের প্রায় ২০ শতাংশ মানুষ এই রোগে ভুগছে।

বুক জ্বালাপোড়া অসুখ কেন হয়

আমাদের অন্ননালি যেখানে শেষ আর পাকস্থলীর যেখানে শুরু, ঠিক এই সংযোগস্থলের অংশটুকু একটি বন্ধ কপাটিকার মতো কাজ করে।

যখন আহার করা খাবার এই অংশে পৌঁছে তখন এই বন্ধ কপাট খুলে যায় এবং খাবার পাকস্থলীতে পৌঁছে। খাবার গ্রহণ করা ছাড়াও অন্য সময় যদি এই কপাট খোলা থাকে তাহলে পাকস্থলীর শক্তিশালী এসিড খাদ্যনালিতে প্রদাহ তথা ক্ষত তৈরি করে এবং এই রোগের বিভিন্ন উপসর্গ তৈরি করে থাকে।

বুক জ্বালাপোড়া ছাড়াও আর কী কী উপসর্গ থাকতে পারে

বুক জ্বালাপোড়া এবং খাবার ওপরের দিকে উঠে আসা বা উদগিরণ অনুভব করা হচ্ছে গ্যাস্ট্রো-ইসোফেজিয়াল রিফ্লাক্স ডিজিজের ক্লাসিক উপসর্গ। এ ছাড়া এই রোগে আক্রান্ত রোগীদের নিম্নলিখিত উপসর্গ থাকতে পারে-

* বুকে ব্যথা অনুভব করা
* মুখে টক টক স্বাদ অনুভূত হওয়া
* ঢোক গিলতে অসুবিধা হওয়া
* গলায় বাধা অনুভব করা
* কোনো কোনো ক্ষেত্রে দীর্ঘমেয়াদি কাশি
* হঠাৎ মুখে অতিরিক্ত লালা এসে মুখ ভরে যাওয়া

কী কী জটিলতা হতে পারে

খাদ্যনালির আলসার : দীর্ঘমেয়াদি পাকস্থলীর এসিডের সংস্পর্শে খাদ্যনালিতে ঘা হয়ে রক্তবমি হতে পারে।

খাদ্যনালি সংকুচিত হয়ে যাওয়াঃ দীর্ঘদিন ধরে ভোগা বুক জ্বালাপোড়ায় আক্রান্তদের খাদ্যনালির নিচের অংশ সংকুচিত হয়ে ঢোক গিলতে কষ্ট হতে পারে। এই অবস্থাকে 'পেপটিক স্ট্রিকচার' বলে।

খাদ্যনালির ক্যান্সারঃ বুক জ্বালাপোড়ায় আক্রান্তদের এরপর ৪৩ পৃষ্ঠায়



# ঠাণ্ডায় সোনামণির অসুখবিসুখ

অধ্যাপক ডা. প্রণব কুমার চৌধুরী

ঠাণ্ডা আবহাওয়ার কারণে শীতকালে সর্দি-কাশি, জ্বর, নিউমোনিয়ায় আক্রান্ত হতে পারে আপনার শিশু। শীতে সাধারণত ভাইরাসজনিত রোগ, যেমন-ইনফ্লুয়েঞ্জা, রেসপিরেটরি সিনসাইটিয়াল ভাইরাসজনিত শ্বাসতন্ত্রের সংক্রমণ, ভাইরাসজনিত ডায়রিয়া ও গলা ব্যথা প্রভৃতি অসুখের শিকার হয় শিশুরা। তবে সচেতন থাকলে এসব রোগ প্রতিরোধ করা সম্ভব।

ইনফ্লুয়েঞ্জা (ফ্লু)

ফ্লু কখনো কখনো গুরুতর অসুস্থতার কারণ হতে পারে।

বিশেষত অ্যাজমা, হার্টের জন্মত্রুটি বা রোগ প্রতিরোধ শক্তিতে দুর্বল শিশুদের ক্ষেত্রে। এর প্রধান উপসর্গ তীব্র কাশি, বমি ও জ্বর। অধুনা চিকিৎসা ব্যবস্থাপনায় অ্যান্টিভাইরাল ওষুধ ও ফ্লু ভ্যাকসিন স্বীকৃত ও কার্যকর।

রেসপিরেটরি সিনসাইটিয়াল ভাইরাস (আরএসভি) সংক্রমণ

শিশু ও বয়স্কদের মধ্যে এই রোগ বেশি দেখা যায়।

গলা ব্যথা, নাক বন্ধ এবং শিশুদের কাশি, শ্বাসে শাঁইশাঁই শব্দ-এসব হলো উপসর্গ। শিশু নিউমোনিয়ার লক্ষণ নিয়েও হাজির হয়। এক্ষেত্রে নতুন অ্যান্টিভাইরাল ওষুধের কার্যকর ব্যবহার লক্ষণীয়।

স্ট্রেপটোকক্কালজনিত ফ্যারিনজাইটিস (স্ট্রেপথ্রোট)

গলা ব্যথাই এ রোগের প্রধান উপসর্গ।

এই গলা ব্যথা ব্যাকটেরিয়া না ভাইরাসজনিত তা নির্ণয়ে গলা থেকে তরল (থ্রোট সোয়াব) নিয়ে পরীক্ষা করতে হয়। গলা ব্যথা অসুখের উপসর্গ কেবল ১৫-২৫ শতাংশ ব্যাকটেরিয়াজনিত কারণে হয়ে থাকে। বেশির ভাগ সময় ভাইরাস সংক্রমণে গলা ব্যথা হয়ে থাকে, তাই অ্যান্টিবায়োটিক ব্যবহারের প্রয়োজন পড়ে না। যদি ব্যাকটেরিয়াজনিত স্ট্রেপথ্রোট হয়ে থাকে, অবশ্যই অ্যান্টিবায়োটিকের প্রয়োজন। তা না হলে শিশুর বাতজ্বরে আক্রান্ত হওয়ার আশঙ্কা থেকে যায়।

উদরাময়

শীতে শিশুদের মধ্যে রোটাভাইরাস ও অন্যান্য আন্ত্রিক জীবাণুঘটিত বমি ও ডায়রিয়া বেশি দেখা দেয়। ডায়রিয়া বা বমি হওয়ার প্রথম থেকেই শিশুকে খাওয়ার স্যালাইন খাওয়ানো উচিত, শিশু যাতে পানিস্বল্পতায় না পড়ে। সঙ্গে বুকের দুধ ও স্বাভাবিক খাবার খাওয়ানো অব্যাহত রাখতে হবে। শিশুর রোটাভাইরাসজনিত ডায়রিয়া প্রতিরোধী কার্যকর ভ্যাকসিন আছে। দেড় মাস বয়স থেকেই সেটি এরপর ৩৭ পৃষ্ঠায়



# সরব ঘাতক নাক ডাকা

অধ্যাপক ডা. মোহাম্মদ আজিজুর রহমান

নাক ডাকা শুধু পাশে ঘুমিয়ে থাকা ব্যক্তির বিরক্তিরই উদ্রেক করে না, এটা রীতিমতো একটি অস্বাস্থ্যকর ও বিপজ্জনক অভ্যাস। কারো যদি মাঝেমধ্যে হঠাৎ নাক ডাকার অভ্যাস থাকে, তাহলে সেটা অস্বাভাবিক নয়। কিন্তু যারা অভ্যাসবশত প্রায়ই নাক ডাকেন, তারা নানা স্বাস্থ্যঝুঁকিতে আক্রান্ত হওয়ার আশঙ্কায় রয়েছেন। এ ধরনের অভ্যাসে আপনি স্লিপ অ্যাপনিয়া জাতীয় সমস্যায় পড়তে পারেন, যা মারাত্মক এবং এমনকি প্রাণঘাতী রূপ পর্যন্ত ধারণ করতে পারে।

তা ছাড়া নাক ডাকার বিদঘুটে আওয়াজে আপনার সঙ্গী বা সঙ্গিনীর ঘুমটা তো মাটি হবেই। অতিরিক্ত নাক ডাকার কারণে স্বামী-স্ত্রী অনেক সময় এক বিছানায় তো দূরের কথা, এক রুমেও ঘুমাতে পারেন না। বিদেশে বিবাহবিচ্ছেদের যত কারণ রয়েছে, নাক ডাকা তার অন্যতম। নাক ও মুখ দিয়ে স্বাভাবিক শ্বাস-প্রশ্বাস নিতে ও ছাড়তে না পারলে নাক ডাকা সমস্যার শুরু হয়।

নাক ডাকা বন্ধে মানতে পারেন বেশ কিছু পরামর্শ-

* যেকোনো এক পাশে কাত হয়ে ঘুমানোর অভ্যাস করুন। পিঠের ওপর ভর দিয়ে অর্থাৎ চিত হয়ে শোয়ার অভ্যাসি ত্যাগ করুন। জিহ্বা ও গলার মাংসপেশি নাক ডাকা প্রতিরোধে কাজ করে। চিত হয়ে শোয়ার অভ্যাসে জিহ্বা ও গলার মাংসপেশিগুলো কিছুটা নেমে গিয়ে বেশ শিথিল ও সংকুচিত হয়ে পড়ায় স্বাভাবিকভাবে বাতাস চলাচলে বাধা সৃষ্টি হয়। ফলে নাক ডাকা তীব্রতর হয়। এরপর ৩৭ পৃষ্ঠায়

# ফুসফুস ক্যান্সার দূর করতে চাই সচেতনতা

ডা. নাজিরুম মুবিন



বিশ্বজুড়ে ক্যান্সারে আক্রান্তের হার বিবেচনায় ফুসফুস ক্যান্সারের অবস্থান প্রথম সারিতে। আবার ক্যান্সারজনিত মৃত্যুর প্রধানতম কারণও এই ফুসফুস ক্যান্সার। অথচ গত শতাব্দীর শুরুর দিকে ফুসফুস ক্যান্সার ছিল একটি বিরলতম রোগ। পরে সিগারেটের সহজলভ্যতা ও জনপ্রিয়তার কারণে এবং পরিবেশদূষণ ব্যাপক আকারে বৃদ্ধি পাওয়ায় ফুসফুস ক্যান্সারের রোগীর সংখ্যা জ্যামিতিক হারে বাড়তে থাকে।

কারণ

ফুসফুস ক্যান্সারের প্রধানতম কারণ ধূমপান। যারা ধূমপায়ীর কাছাকাছি থেকে পরোক্ষভাবে ধূমপান করেন তারাও ক্যান্সার হওয়ার ঝুঁকিতে আছেন। অনেকের ধারণা, ভেইপ বা ই-সিগারেট নিরাপদ। তবে গবেষণা বলছে, এগুলোর মধ্যেও ফরমালডিহাইড ও অ্যাক্রোলিনের মতো ক্যান্সার সৃষ্টিকারী রাসায়নিক উপাদান রয়েছে।

এ ছাড়া খনি শ্রমিক, নির্মাণ শ্রমিক, ঢালাই শ্রমিক, জাহাজ ভাঙা শিল্পের শ্রমিকসহ বায়ুদূষণ হয় এমন পরিবেশে যারা দীর্ঘক্ষণ থাকেন তাদেরও ফুসফুস ক্যান্সার হওয়ার আশঙ্কা অনেক বেশি।

লক্ষণ

দীর্ঘমেয়াদি কাশি যা চিকিৎসায় ভালো হচ্ছে না, কাশির সঙ্গে রক্ত যাওয়া, বুকে ব্যথা এবং শ্বাসকষ্টকে ফুসফুস ক্যান্সারের প্রাথমিক লক্ষণ হিসেবে ধরা হয়। এর পাশাপাশি সব ক্যান্সারের মতো এই ক্যান্সারেও রক্তস্বল্পতা, ওজন হ্রাস ও অরুচির মতো উপসর্গ থাকে।

রোগটি মস্তিষ্কে ছড়িয়ে পড়লে মাথা ব্যথা, চোখে ঝাপসা দেখা, খিঁচুনি ও রোগী অসংলগ্ন কথাবার্তা বলতে পারে।

ক্যান্সার কোষ হাড়ে বাসা বাঁধলে রোগী প্রচণ্ড ব্যথার কথা বলতে পারে। অনেক ক্ষেত্রে হাড় ভেঙেও যেতে পারে। রোগটি যকৃতে (লিভার) ছড়িয়ে পড়লে ক্ষুধামান্দ্য, বমিভাব, পেট ব্যথা এবং ত্বক ও চোখ হলুদাভ (জন্ডিস) হতে পারে।

রোগ নির্ণয়

এই উপসর্গগুলো নিয়ে কোনো রোগী এলে শুরুতেই বুকের একটি এক্স-রে করা হয়। সেখানে টিউমারের উপস্থিতি থাকলে সিটি স্ক্যান করে সেটির আকার, অবস্থান ও বিস্তার সম্পর্কে একটি সম্যক ধারণা নেওয়া হয়। এরপর ৪৩ পৃষ্ঠায়

5SR

Multiservices Inc

# মাল্টিসার্ভিস অফিস



## বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মূদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।

- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আদেন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

**Tel (917)-776-1235 646-461-0919**

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fivesrmultiservices@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম
বাংলাদেশী প্রতিষ্ঠান

## যুক্তরাষ্ট্রে বঙ্গবন্ধু পরিষদের কোন কমিটি নেই : কেন্দ্রীয় কমিটি

৩ পৃষ্ঠার পর

বঙ্গবন্ধু পরিষদকে মৌখিক অনুমোদন দিয়েছিলেন। ১ ডিসেম্বর কেন্দ্রীয় কমিটি ড. রাব্বী আলম ও ড. নবীর নেতৃত্বাধীন উভয় কমিটির অস্তিত্বকে অস্বীকার করে। বিবৃতিতে বলা হয়, যুক্তরাষ্ট্রে বর্তমানে বঙ্গবন্ধু পরিষদের কোন কমিটি নেই। গত ৬ আগষ্ট ২০২৩ রাব্বী আলমকে বঙ্গবন্ধু পরিষদ থেকে বহিষ্কার করা হয়েছে। বঙ্গবন্ধু পরিষদ যুক্তরাষ্ট্র শাখার সকল কার্যক্রম স্থগিত করা হয়েছে।




## জেন-জিরা 'বখে যাওয়া প্রজন্ম' নাকি তাদের হাতেই পরিবর্তনের চাবি

৫ পৃষ্ঠার পর

তাঁরা মানে না। অফিসের নির্দিষ্ট আউটফিট অর্থাৎ পোশাক পরার ক্ষেত্রেও তাঁদের আপত্তি আছে। ওয়াল স্ট্রিট জার্নাল-এর প্রতিবেদন বলছে, জেন-জি বলরা অফিস আর বাসার মধ্যে তেমন পার্থক্য রাখেন না। প্রায়ই ঘরে পরার বা জিমে যাওয়ার কাপড় ও জুতা পরে অফিসে চলে আসেন।

গাঁচ. অক্টোবরের শেষের দিকে কোর্সেরা-এর এক জরিপ বলছে, যুক্তরাষ্ট্রে জেন-জি প্রজন্মের একটি বড় অংশকে চাকরি থেকে বাদ দেওয়া হয়েছে। কারণ, যেখানে পুরোনো নিয়মকানুন বহাল আছে, সেখানে চাকরিতে তাঁরা উৎসাহী হচ্ছে না। তা ছাড়া কর্মজীবনের শুরুতেই হোম অফিস করায় অনেকেই অফিসের নিয়মকানুন ততটা শিখতে পারেননি। জেন-জি প্রজন্ম বিশ্বাস করে, যেসব প্রতিষ্ঠান তাঁদের কাজকে উৎসাহ দেয় না, তাদের হয়ে কাজ করার চেয়ে জীবনে আরও গুরুত্বপূর্ণ অনেক কিছু রয়েছে। এতক্ষণ আমরা জেন-জিদের বৈশ্বিক চিত্র দেখলাম।

বাংলাদেশের জেন-জিদের চিত্র ও পেশাগত ভাবনা সম্পর্কে আমরা কমবেশি জানি, বুঝি। যদিও, জানামতে, বাংলাদেশের কোনো প্রতিষ্ঠান এখন অবধি এ বিষয়ে কোনো গবেষণা করেনি। তবে বৈশ্বিক গবেষণার ফলাফলের সঙ্গে আমাদেরও কিছুটা মিল থাকবে ধরে নেওয়া যায়। তারপরও গবেষণা হওয়া জরুরি ছিল। বাংলাদেশের কোনো গবেষণাপ্রতিষ্ঠান, কোনো ব্যাংক, চাকরিসংক্রান্ত ওয়েবসাইট কিংবা কোনো গণমাধ্যমও এই গবেষণা করার কথা ভাবতে পারে। আমাদের দেশে ছাত্র-জনতার যে বিপ্লব সংঘটিত হয়েছে, তাতে সামনের সারিতে জেন-জি প্রজন্মই ছিল। সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে তারা নিজেরা সংগঠিত হয়েছে, অন্যদেরও সংগঠিত করেছে। প্রযুক্তি ব্যবহারে তারা মোটের ওপর পিছিয়ে নেই।

এই জেন-জি প্রজন্মই বাংলাদেশের ভবিষ্যৎ। বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্ব দিয়ে তারাই বাংলাদেশকে এগিয়ে নেবে। ইদানীং কেউ কেউ এই প্রজন্মের সমালোচনা করছেন। সামাজিক যোগাযোগমাধ্যমে আক্রমণ করে তাঁরা বলছেন, এরা 'বখে যাওয়া প্রজন্ম'। দুঃখজনক ব্যাপার হলো, আক্রমণকারীদের মধ্যে অনেক শিক্ষিত মানুষও রয়েছেন। এঁরা হয়তো চিন্তার দিক থেকে শিক্ষিত হতে পারেননি। কিন্তু জুলাই-আগস্টে আমাদের এই জেন-জিরাই প্রমাণ দিয়েছেন, তাঁরা মোটেই বখে যাওয়া প্রজন্ম নন। তাঁরাই দেশের সত্যিকারের দেশপ্রেমিক।

আমরা আমাদের তরুণ প্রজন্মকে ভালোবাসি এবং এদের নিয়ে গর্ব করি। কারণ, দুনিয়ার কোনো দেশে জেন-জিরা এত বড় বিপ্লবে নেতৃত্ব দেয়নি। তাই আমাদের এমন পরিবেশ তৈরি করতে হবে, যাতে এই তরুণেরা আরও বেশি করে চাকরি, ব্যবসায় যুক্ত হতে পারেন। উদ্যোক্তা হতে পারেন। নীতি তৈরিতে ভূমিকা রাখতে পারেন। আমাদের জ্যেষ্ঠ ব্যবস্থাপকদেরই দায়িত্ব, তরুণদের জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করে দেওয়া।

লেখক: উপবার্তা সম্পাদক, প্রথম আলো।


# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
**Homeo & Vitamin Selling Center**

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)





# BUY - SALE - RENT

**kw LANDMARK II**
KELLERWILLIAMS REALTY

List your House with me
I will Sell within a short time
বাড়ী দ্রুত ক্রয়- বিক্রয় ও
ভাড়ার জন্য এখনই যোগাযোগ করুন



**MOHAMMED SALIM**
Licensed Real Estate Salesperson
(917) 691-7721
(347) 846-1200
EACH OFFICE IS INDEPENDENTLY OWNED AND OPERATED

75-35 31ST AVENUE, SUITE 202
JACKSON HEIGHTS, NY 11370

msalim@kw.com
msalim.kw.com

PROVIDENT REALTY

# OPEN HOUSE:
## Saturday and Sunday 12-2pm



**188-49 Quencer Road,**
**Saint Albans,**
**NY 11412**

**$919,099**



**MONIRUZZAMAN MIAH**
INVESTOR/SALESPERSON
**Phone: (917) 302-5244**
Bus: (718) 658-07700
Fax: (718) 701 5630
Email: mmiahny@gmail.com

## NEW LISTING!

- Fully renovated
- 5 bedrooms
- 4 bathrooms
- 2-car garage
- Transit-accessible
- Attic and basement


NS Driving School
Jamaica, Queens, NY
চুক্তিভিত্তিক ড্রাইভিং লেসন এবং লাইসেন্স
# Unlimited ড্রাইভিং লেসন
# Unlimited রোড টেস্ট
# দ্রুত সময়ে (মাত্র ২-৪ সপ্তাহ) লাইসেন্স
# Total Cost : $ 1499.00
Advance : $ 1000.00
After License : $ 499.00
যোগাযোগ :
929-833-1500 646-690-7460


SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.
বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ
আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা
ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০
সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789
সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন
ASTORIA 718-777-7001
ATLANTA 770-936-9906
BROOKLYN 718-853-9558
JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150
MANHATTAN 212-808-0790
MICHIGAN 313-368-3845
OZONE PARK 347-829-3875
PATERSON 973-595-7590
আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

# NY INSURANCE

BROKEAGE INC.

NY I
NY INSURANCE BROKERAGE

TLC INSURANCE SPECIALIST

718 476-2025

# NY CAR & LIMO

SERVICES INC

NY CAR & LIMO SERVICES INC B02902

BLACK & GREEN CAR BASE

718 727 4444

# BEGINNER'S

DRIVING ACADEMY

YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY

929 244-7730

# DMV EXPRESS

**PLATES**
NEW, SURRENDER & TRANSFER

**TITLE**
NEW & DUPLICATE TITLE REQUEST

**REGISTRATION**
NEW, REPLACE, RENEWAL & TRANSFER

929-244-7730

EXCELSIOR

Home Care

# Immigrant Elder Home Care LLC.

# হোম কেয়ার



ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী
বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের
সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



**Giash Ahmed**
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

**SUTPHIN BLVD OFFICE:**
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

**JAMAICA OFFICE:**
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549

**LONG ISLAND OFFICE:**
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

**BRONX OFFICE:**
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

**OZONE PARK OFFICE:**
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

**BUFFALO OFFICE:**
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
হোম
সর্বোচ্চ
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।
• Salary & Benefits
• Weekly Payments
• Direct Deposit
আমাদের নিজস্ব PCA ও HHA
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834


কেয়ার
ন্টের নিশ্চয়তা
A AND CDPAP SERVICE
সর্বাধিক জনপ্রিয়
ম হেল্‌থ কেয়ার এজেন্সী
ontact
Nawaz MBA
t & CEO
591-8396
ং স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
Design by: ihopeprint.com, 929-538-7903
om | www.goldenagehomecare.com

## ইসলামে ব্যবসায়ীদের প্রতি নির্দেশনা

২৫ পৃষ্ঠার পর

শক্তিতে ইবাদত করতে পারে। কিন্তু আমাদের দেশের কিছু অসাধু ব্যবসায়ী উল্টো পথে হাঁটে। সরকার বাজার মনিটরিং ও সিন্ডিকেট ভাঙার জন্য কিছু উদ্যোগ নিলেও এর ফল তেমন কার্যকর হয়নি। বাজার ব্যবস্থাপনায় রাসুল (সা.)-এর দেখানো পদ্ধতির প্রবর্তন ছাড়া পরিস্থিতির উন্নতি সম্ভব নয়। কুরআন-হাদিসের আলোকে নৈতিকতা ও মানবিকতার অভ্যাস তৈরিই একমাত্র স্থায়ী সমাধান।

দুনিয়া-আখেরাতের কল্যাণের জন্য ব্যবসায়ীদের উচিত তারা যেন ইসলামের নীতিমালার প্রতি বিশ্বস্ত থেকে ব্যবসা পরিচালনা করেন। মানবিক দৃষ্টিকোণ থেকে সমাজের প্রতি তাদের দায়িত্ব সম্পর্কে সচেতন হন। ব্যবসায় সৎ আচরণ করলে শুধু আখেরাতে নয়, দুনিয়ার জীবনেও তারা সুনাম ও বরকত পাবেন। ইসলাম ব্যবসায়ীদের শুধু মুনাফা নয়, বরং সমাজের কল্যাণেও কাজ করতে উদ্বুদ্ধ করে। যারা পণ্য মজুত করে মূল্যবৃদ্ধি করেন, তাদের জন্য কঠিন শাস্তির কথা উল্লেখ রয়েছে। ব্যবসা একটি ইবাদত হতে পারে, যদি তা সৎভাবে পরিচালিত হয়।

ব্যবসায়ী হিসাবে আমাদের নৈতিক দায়িত্ব হলো, এমন একটি সমাজ গড়ে তোলা, যেখানে কোনো পরিবার ক্ষুধার্ত থাকবে না। এতে ব্যবসায়ীরা শুধু নিজেরাই লাভবান হবেন না, বরং পুরো সমাজ উন্নতির দিকে ধাবিত হবে। প্রফেসর ড. ইউনূসের মতো উদ্যোক্তারা যেখানে ক্ষুদ্র ব্যবসায় অর্থায়নের মাধ্যমে লাখো মানুষের জীবন বদলে দিয়েছেন, সেখানেও আমাদের ব্যবসায়ীদের এগিয়ে আসা উচিত। ব্যবসা যদি নৈতিকতার ভিত্তিতে পরিচালিত হয়, তাহলে সমাজে বৈষম্য কমে যাবে এবং সবার জন্য সমান সুযোগ সৃষ্টি হবে।

বর্তমান সময়ে, নৈতিকতা ছাড়া ব্যবসা শুধু সমাজের দুর্দশা বাড়ায়। ব্যবসায়িক সাফল্যের জন্য ক্রেতাদের আস্থা অর্জন করা জরুরি। ব্যবসায়ীরা যদি তাদের পণ্যের গুণগত মান বজায় রাখেন এবং ন্যায্যমূল্যে তা সরবরাহ করেন, তাহলে ক্রেতারা তাদের প্রতি অনুগত থাকবে। এর ফলে দীর্ঘমেয়াদে ব্যবসায়ীরা আরও সফল হবেন। ব্যবসায়ী সমাজ হলো একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম স্তম্ভ। তাদের মধ্যে নৈতিকতা, সততা এবং মানবিকতার চর্চা থাকলে পুরো সমাজ উপকৃত হবে।

## শীতকাল ইবাদতের সুবর্ণ সুযোগ

২৫ পৃষ্ঠার পর

বড় হওয়ায় দীর্ঘ সময় নামাজে কাটানো যায়। আর দিন ছোট হওয়ায় বেশি বেশি নফল রোজা রাখা যায়।-(বায়হাকি)
শীতকাল নফল রোজা পালনের সুবর্ণকাল। আমরা চাইলেই খুব সহজে সাপ্তাহিক, মাসিক যে রোজাগুলো সেগুলো রাখতে পারি। কাজা রোজা থাকলে তা আদায়ের জন্যও শীত উপযোগী।

কুরআনের ভাষায়, 'আল্লাহ দিন ও রাতের আবর্তন ঘটান, নিশ্চয়ই এতে জ্ঞানীদের জন্য শিক্ষা রয়েছে'-(সূরা নূর: ৪৪)। সাহাবায়ে কেরামরাও শীতের জন্য অপেক্ষা করতেন। শীত এলে খুশি হতেন। প্রখ্যাত সাহাবি আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) বলতেন, 'হে প্রিয় শীত! তোমাকে স্বাগতম। কেননা তা বরকত বয়ে আনে। রাতগুলো দীর্ঘ হয় ফলে কিয়ামুল লাইলের জন্য সহায়ক এবং দিন ছোট হওয়ায় রোজা রাখা সহজ।' (আল মাজালিসুল হাসানা, হাদিস ২৫০)।

মুমিনের বসন্ত শীত আসছে। আমাদের প্রস্তুতি নিতে হবে ইবাদতের জন্য, মানবসেবার জন্য। শীতের রাত লম্বা হওয়ায় আমরা চাইলেই পর্যাপ্ত ঘুমিয়ে রাতের কিছুটা সময় আল্লাহর নিকটবর্তী হওয়ার জন্য রাখতে পারি, কিয়ামুল লাইল আদায় করার চেষ্টা করতে পারি। তাহাজ্জুদের মাধ্যমে রবের সঙ্গে বান্দার সরাসরি সম্পর্ক হয়, জমিনের খুব নিকটবর্তী আসমানে এসে তিনি বান্দাদের আহ্বান করতে থাকেন।

অবশ্য শীতকালে তুলনামূলক অলসতা কাজ করে। কিন্তু মনে রাখা উচিত, অলসতা মুমিনের বৈশিষ্ট্য নয়। মুমিন হবে প্রোজ্জ্বলিত। তাছাড়া আমরা যথাসাধ্য গরিব অসহায়দের শীতবস্ত্র দিয়ে সাহায্য করতে পারি।

রাসুল (সা.) বলেছেন, 'যে মুমিন অন্য বিবস্ত্র মুমিনকে কাপড় পরিয়ে দিল, মহান আল্লাহ ওই ব্যক্তিকে জান্নাতের সবুজ রেশমি কাপড় পরিয়ে দেবেন'। (তিরমিজি হাদিস: ২৪৪৯)। আল্লাহর সন্তুষ্টি ও নৈকট্য লাভের এ বিশাল সুযোগকে যেন আমরা সবাই একাগ্রতার সঙ্গে কাজে লাগাতে পারি সে তৌফিক চাই। আমিন।

## ব্রুকলে 'বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদে'র বিজয় দিবস প্রস্তুতি সভা

৩ পৃষ্ঠার পর

জাফর, পৃষ্ঠপোষক তোফায়েল আহমেদ চৌধুরী, লিয়াকত আলী ( কাদেরীয়া বাহিনী), মিয়া মোহাম্মদ দাউদ, কাজী রবিউজ্জামান, অধ্যক্ষ সানা উল্লাহ, মকবুল মিয়া, স্বপন মাস্টার, কবি আবু তাহের চৌধুরী, কবি সুধাংশু কুমার মন্ডল, প্রমুখ।

সভায় ১৬ ই ডিসেম্বর, সোমবার সকাল ১১টা থেকে ৩টা পর্যন্ত স্থানীয় গোল্ডেন প্যালেস, পার্কচেস্টার, বাংলাবাজার, স্টার্লিং, ব্রঙ্কস, নিউ ইয়র্ক বিজয় দিবসে বিভিন্ন কর্মসূচী হাতে নিয়েছেন বলে জানানো হয়। সভায় বীরমুক্তিযোদ্ধা আবু জাফর (আহ্বায়ক), বীরমুক্তিযোদ্ধা জিল্লুর রহমান (সদস্য সচিব) ও বীরমুক্তিযোদ্ধা আব্দুল রকিব (অর্থ সচিব) করে ৫৪ তম মহান বিজয় দিবস উদযাপন কমিটি ঘোষনা করা হয়। সভায় শেষে আমন্ত্রণ জানিয়ে বক্তব্য রাখেন - ৫৪তম মহান বিজয় দিবস আয়োজক কমিটি ২০২৪ এর পৃষ্ঠপোষক লিয়াকত আলী (কাদেরীয়া বাহিনী), সদস্য সচিব বীরমুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, আহ্বায়ক বীরমুক্তিযোদ্ধা আবু জাফর প্রমুখ।







ZAMZAM TRAVEL US

www.zamzamtravelus.com

zamzamtravelus

Luxurious Five Star

# HAJJ PACKAGE: 2025-HIJRI 1446

| Double | Tripple | Quad |
|---|---|---|
| $11999 | $10999 | $10500 |

MAKKAH (0 Meter) MADINAH (0 Meter)

## Stay Details: (17 Days) 28 MAY 2025-13 JUNE 2025

- Makkah: 28 May-31 May, 5 Star Hotel Near of Harram Makkah Hotel/Makkah Tower, Clock Tower or Similar
- Aziziyah: 31 May-09 June, 5 Star Hotel Holiday inn or Similar
- Madinah: 09 June-13 June 5 Star Hotel Millennium Al Aqeeq or Similar

## Package Features

| | |
|---|---|
| Ticket | : Saudi Airlines Economy (Dhaka to Jeddah to Madinah/Jeddah to Dhaka) |
| Personal Bus Service | : Makkah to Mina to Arafat to Mujdalifa to Zrunarat Hotel. |
| Food | : Breakfast, Dinner & Lunch International-Buffet |
| Sightseeing | : Makkah & Madinah with Guide. |
| Tabu | : VIP |
| Others | : Mec-Med-Med Airport transport by GMC/Bullet Train, Visa. |

**Documents Required**

1. Bangladeshi Valid Passport.
2. Photograph Passport Size Photo Background (White & Light).
3. Blood Group.
4. Contact Number.

আমেরিকার যেকোনো স্টেট থেকে বাংলাদেশী পাসপোর্টধারীদের সরাসরি ২০২৫ সালের হজ্ব করার সুবর্ণ সুযোগ...

**Gifts**

Scarf For Ladies -
Travel Bag -
Passport Bag -
Hajj & Umrah Books -

VISION 2030 رؤية

REGISTER FOR THE HAJJ 2025

US PASSPORT HOLDERS

STEP BY STEP GUIDANCE SERVICE

نسك nusuk HAJJ 2025

Zam Zam Travel US is thrilled to announce that registration is now open for Nusuk Hajj 2025, in collaboration with top Hajj companies.

Special Luxurious Five Star

# UMRAH PACKAGE 2025

| Departure | | Return | |
|---|---|---|---|
| Departure: Jan 22nd, 2025 | JFK - JED | Return: Jan 29th, 2025 | MED - JFK |
| Departure: Jan 29nd, 2025 | JFK - JED | Return: Feb 06th, 2025 | MED - JFK |
| Departure: Feb 5th, 2025 | JFK - JED | Return: Feb 12th, 2025 | MED - JFK |
| Departure: Feb 12th, 2025 | JFK - JED | Return: Feb 18th, 2025 | MED - JFK |
| Departure: Feb 16th, 2025 | JFK - JED | Return: Feb 26th, 2025 | MED - JFK |
| Departure: Feb 18th, 2025 | JFK - JED | Return: Feb 25th, 2025 | MED - JFK |
| Departure: Feb 25th, 2025 | JFK - JED | Return: Mar 3rd, 2025 | MED - JFK |

# RAMADAN UMRAH PACKAGE 2025

| | 1st Group | 2nd Group | 3rd Group | Special |
|---|---|---|---|---|
| Quad | $3,699 | $3,799 | $5,899 | $4,399 |
| Tripple | $3,899 | $3,999 | $6,399 | $4,699 |
| Double | $4,099 | $4,199 | $6,899 | $5,399 |
| Departs | Feb 27, 2025 | Mar 08, 2025 | Mar 19, 2025 | Mar 14, 2025 |
| Return | Mar 10, 2025 | Mar 19, 2025 | Apr 01, 2025 | Mar 24, 2025 |
| Stay | Madinah - 4 Days \| Makkah - 6 Days | Madinah - 4 Days \| Makkah - 6 Days | Madinah - 3 Days \| Makkah - 9 Days | Madinah - 4 Days \| Makkah - 4 Days |

## WORLDWIDE VISA SERVICES

• Expert Team • Premium Support
• Verified Visa Checklist • Perfect Visa Application Service

## SAUDI ARABIA 10 YEARS MULTIPLE ENTRY VISA

- Stay Up to 180 Days Per Entry
- Perform Unlimited Umrah
- Business Travel & Exploration
- Explore Educational Opportunities
- Visit Family and Friends
- Travel To Any City

INDIA VISA PROCESSING

SCHENGEN VISA PROCESSING

SAUDI ARABIA VISA PROCESSING

UAE | VISA PROCESSING
• 30 DAYS VISA • 2 YEARS VISA • 5 YEARS VISA • 10 YEARS VISA

UAE-DUBAI | FULL PACKAGE TOUR PROVIDER
• VISA • TICKET • HOTEL • TRANSPORTATION • SIGHTSEEING • GUIDANCE SERVICES

3 STAR & 5 STAR
UMRA | FULL PACKAGE PROVIDER
• VISA • TICKET • HOTEL • TRANSPORTATION • ZIARAT • GUIDANCE SERVICES

**Bangladesh Plaza**
37-15, 73 Street, Suite # 207
Jackson Heights, NY 11372

(718) 395-9697
zamzamtravelus@gmail.com
www.zamzamtravelus.com

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable



বিনা খরচে বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যাকসন হাইটস, জ্যামাইকা ও ব্রঙ্কস শাখা খোলা থাকে

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনা
- আমরা ৩০ বছর যাবত আপনাদের সেবা দিয়ে যাচ্ছি

ঘরে বসে টাকা পাঠতে আপনার মোবাইল থেকে

Sonali Exchange Mobile App
ডাউরলোড করে রেজিষ্ট্রেশন করুন
যোগাযোগ - ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জে এর মাধ্যমে রেমিটেন্স প্রেরণ করুন
দেশের অর্থনৈতিক উন্নয়নে অংশীদার হোন

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগা করুন

| | | | |
|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 |
| BRONX 718-882-1081 | JAMAICA 374-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 |
| | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 | |

আমাদের সার্ভিস নিন -আপনাকে সেবা করার সুযোগ দিন

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSE IS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, IF-------



মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD & NATIONAL HEALTHCARE CHAMPION AWARD প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি

ALL COUNTY
হোম কেয়ার

CDPAP
PCA
HHA.RN

NYS LICENSED HOME CARE AGENCY

অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে

PH : 718 593 0932

* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE

এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে

Get Paid to Take care of Your Friends & Family

150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# আপনি কি সহজে ড্রাইভিং লাইসেন্স পেতে চান?

আমরা আপনাকে সহজে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার নিশ্চয়তা দিচ্ছি।
আমাদের দক্ষ ছেলে / মেয়ে ইনষ্ট্রাকটার আপনাকে যত্নসহকারে নিখুঁতভাবে তৈরী করবে।



## BEGINNER'S DRIVING ACADEMY

**Please Call**

**(929) 244 7730**

129-20 Liberty Avenue
South Richmond Hill, NY 11419

71-16 35th Avenue
Jackson Heights, NY 11372







## নটরডেম অ্যালামনাই উত্তর আমেরিকার মতবিনিময়

৩ পৃষ্ঠার পর

গবেষক ড: মোহাম্মদ নাকিবউদ্দীন।

অনুষ্ঠানের শুরুতেই নটরডেম কলেজের প্রাক্তন অধ্যক্ষ ফাদার পিশাতোর জীবনের শেষ সাক্ষাৎকার প্রদর্শন করা হয়। যা সবার দৃষ্টি কাড়ে। এছাড়া বাংলাদেশের প্রথম পররাষ্ট্রমন্ত্রী ড. কামাল হোসেন ও বর্তমান অধ্যক্ষ ফাদার হেমন্ত এর ভিডিও বক্তব্য উপস্থাপন করা হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন নটরডেম বিশ্ববিদ্যালয়ের আইন চ্যান্সেলর ফাদার প্যাট্রিক, নটরডেম ক্লাব প্রেসিডেন্ট ব্রিগেডিয়ার জেনারেল (অব:) রেফায়েত, শিকাগোর সেইন্ট জেভিয়ার ইউনিভার্সিটির গ্রাহাম স্কুল অব ম্যানেজমেন্ট এর প্রতিষ্ঠাতা ডীন শিক্ষাবিদ অধ্যাপক ড: ফায়জুল রহমান, ওয়ার্ল্ড ব্যাংকের প্রাক্তন কর্মকর্তা ড. তৌহিদ নেওয়াজ, বাংলাদেশের প্রধান উপদেষ্টার প্রেস সেক্রেটারী শফিকুল আলম, প্রাক্তন নটরডেমিয়ান শহিদুল হক প্রমুখসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে শিশ দিয়ে দেশাত্মবোধক গান পরিবেশন করেন বাংলাদেশের প্রাক্তন কর কমিশনার বজলুল কবির ভুঁইয়া, স্বরচিত কবিতা আবৃত্তি করেন ইঞ্জিনিয়ার আহসান হাবিব। স্বাধীনতা যুদ্ধের সময়ের ঘটনা নিয়ে নির্মিত ডকুমেন্টারি ব্লুকেট এর নির্মাতা ইউনুস চৌধুরী বক্তব্য রাখেন ও অতিথিদের নিয়ে নির্মানাধীন ডকুমেন্টারীর খণ্ডচিত্র প্রদর্শন করেন। স্মৃতিচারণ করেন প্রাক্তন শিক্ষক অধ্যাপক সুশান্ত সরকার।

২ ঘণ্টার বেশি সময় ধরে চলা অনুষ্ঠানের টেকনিক্যাল কমিটির দায়িত্বপালন করেন বর্তমান কমিটির সদস্য কামরুল হাসান এবং আনোয়ার আজিম। সবাইকে ধন্যবাদ দিয়ে অনুষ্ঠান সমাপ্তি করেন বাংলাদেশ নটরডেম অ্যালামনাই উত্তর আমেরিকা'র সাধারণ সম্পাদক মাহমুদ চৌধুরী।

## গুপ্তঘাতক যেভাবে ঘুরে বেড়ায় নিউইয়র্কে

৩ পৃষ্ঠার পর

হতে আগ্নেয়াস্ত্র। থম্পসনকে হত্যার উদ্দেশ্যেই ওই ঘাতক টার্গেট করে বলে পুলিশের ধারণা। থম্পসনকে টার্গেট করে গুলি চালালে মুহূর্তে বুকে ও পায়ে গুলিবিদ্ধ হয়ে পথেই লুটিয়ে পড়েন তিনি। রক্তে ভেসে যাচ্ছিল সিক্স এভিনিউর, ওয়েস্ট ৫৬ স্ট্রিটের স্টারবাক্সের পাশের সড়ক।

বাঁচানোর আশায় দ্রুত তাঁকে মাউন্ট সিনাই হাসপাতালে নেওয়া হয়। কিন্তু চিকিৎসকেরা কোন সুখবর দিতে পারেননি। গত বুধবার নিউইয়র্কের নির্মম মর্মান্তিক এই হত্যাকান্ডের মধ্যদিয়েই শুরু হয়েছিল। ফুলিশের মতো এই ঘটনা ছড়িয়ে যায় ম্যানহাটনে। সাংবাদিকদের ভিড় জমতে থাকে ঘটনাস্থলে এবং হিল্টন হোটেলে। কি কারণে তাঁকে হত্যা করা হয়েছে পুলিশ তার সন্ধানে নেমেছে। ক্রিমিনালকে ধরিয়ে দিতে ১০ হাজার ডলার পুরস্কার ঘোষণা করেছে পুলিশ।

নিউইয়র্কের গভর্নর ক্যাথি হকেল, নিউইয়র্ক মেয়র এরিক অ্যাডামস, নিউইয়র্ক পুলিশ এনওয়াইপিডির কমিশনার জেসিকা টিশ হত্যাকান্ডের ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে অপরাধীকে গ্রেপ্তারের চেষ্টা চলছে বলে জানিয়েছেন। গভর্নর ক্যাথি হকেল এই হত্যাকান্ডকে 'ভয়ঙ্কর' এবং 'টার্গেটেড হামলা' বলে অভিহিত করেন।

ম্যানহাটনের 'রকফেলার সেন্টারে' বড়দিনকে ঘিরে কয়েক হাজার পর্যটক ভিড় করছে প্রতিদিন। নিউইয়র্কের ম্যানহাটনের এমন গুরুত্বপূর্ণ স্থানে সশস্ত্র 'গুপ্ত ঘাতক' ঘুরে বেড়াচ্ছে তা কারো জানা ছিল না। পুলিশ, প্রশাসন এবং সকল গোয়েন্দা নজরদারি এড়িয়ে গুপ্ত ঘাতক তার টার্গেট করা ব্যক্তিকে খুন করে পায়ে হেঁটে নির্বিঘ্নে চলে যায়। অনেক ক্যামেরায় তার ফুটেজ পাওয়া গেছে।

তাতে দেখা গেছে, কিছুটা পথ হেঁটে গিয়ে ঘাতক ব্যক্তি একটি সিটি ই-বাইক নিয়ে নিরাপদে কেটে পড়ে সেন্ট্রাল পার্কের কাছে। এসব তথ্য বুধবার সকালে এক ব্রিফিংয়ে বলেছেন এনওয়াইপিডির গোয়েন্দা প্রধান যোসেফ কানি। পুলিশ সকাল থেকে বন্দুকধারীকে খুঁজছিল এবং কাউকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। যদিও কর্মকর্তারা বলেছেন, আক্রমণে তাঁকে টার্গেট করা হয়েছিল। মেয়র এরিক অ্যাডামস বলেন, পুলিশ ভিডিওসহ ঘটনাস্থল থেকে তথ্য প্রমাণ পর্যালোচনা করছে। অ্যাডামস বলেন, 'এটি স্পষ্টভাবে একজন অপরাধির দ্বারা টার্গেট করা হয়েছে বলে মনে হচ্ছে এবং আমরা সেই ব্যক্তিকে গ্রেপ্তার করব।' নিউইয়র্কের পুলিশ কমিশনার জেসিকা টিশ বলেন, এই হত্যাকাণ্ডটি একটি 'নির্লজ্জ, টার্গেট হামলা' ছিল।


নিউইয়র্ক পুলিশের ক্রাইম সিন ইউনিটের সদস্যরা মিডটাউন ম্যানহাটনের হিল্টন হোটেলের বাইরে তদন্ত করার সময় যেখানে গুলি পড়েছিল সেই জায়গাগুলি চিহ্নিত করে। ইউনাইটেড হেলথকেয়ার হল হেলথ কেয়ার জায়ান্ট ইউনাইটেড হেলথ গ্রুপ ইনকর্পোরেটেডের ইন্সুরেন্স বিভাগ।


আগামী বছরের জন্য এই কোম্পানির দিকনির্দেশনা এবং প্রত্যাশা সম্পর্কে আপডেট করার জন্য নিউইয়র্কের হিল্টন হোটেলে বিনিয়োগকারীদের সাথে বার্ষিক সম্মেলনের প্রস্তুতি চলছিল।

হিল্টন ম্যানহাটনের একটি ব্যস্ততম অংশে অবস্থিত, যা মিউজিয়াম অফ মডার্ন আর্ট এবং রকফেলার সেন্টারের মতো পর্যটন স্থান থেকে অল্প হাঁটার পথ। প্রায়শই সপ্তাহে ছুটির দিন সকালে পর্যটক এবং অফিস কর্মীদের ভিড় থাকে এখানে। রকফেলার সেন্টার ক্রিসমাস ট্রি আলোকসজ্জা বুধবার সন্ধ্যায় অনুষ্ঠিত হয়। জানা গেছে, থম্পসন তিন বছরেরও বেশি সময় ধরে সিইও হিসাবে দায়িত্ব পালন করেছিলেন এবং ২০০৪ সাল থেকে কোম্পানির দায়িত্ব পালন করেন।

ইউনাইটেড হেলথ কেয়ার মেডিকেয়ার অ্যাডভান্টেজ প্ল্যানের বৃহৎ যোগানদাতা। তারা রাজ্য এবং ফেডারেল অর্থায়নে মেডিকেড প্রোগ্রামগুলির জন্য হেলথ ইন্সুরেন্স কভারেজ পরিচালনা করে আসছে।




Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাইনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।
বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২


প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন
STAR
Photography
শহরের সেরা ফটোগ্রাফার
এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com


REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS
বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন
নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি
Hasan Malik, Esq.
718-433-9243
37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372
ATTORNEY ADVERTISING

# পাইরেসির কবলে পুষ্পা-২

## ৭০০ কোটির ছবি মুক্তির পরই মিলছে অনলাইনে

আজকাল বিনোদন



দীর্ঘ প্রতীক্ষার পর বৃহস্পতিবার মুক্তি পেয়েছে দক্ষিণী সিনেমা 'পুষ্পা'র সিক্যুয়াল 'পুষ্পা-২ : দ্য রুল'। এখন ভারতজুড়ে বইছে 'পুষ্পা' ঝড়। তবে মুক্তির মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই অনলাইনে এ সিনেমার সম্পূর্ণ এইচডি ভার্সন ফাঁস হয়েছে। ইন্ডিয়া টুডের সংবাদে এমনটাই জানা গেছে।

'পুষ্পা-২' বেশ কিছু ওয়েবসাইটে দেখা যাচ্ছে। সংবাদ সূত্রে জানা যাচ্ছে, টরেন্টোসহ অন্য কিছু প্ল্যাটফর্মে ফাঁস হয়েছে। এর মধ্যে রয়েছে ইবোমা, মুভিরুলস, নাইন এক্স মুভিজ, ফিল্মিজিলা, তামিলইয়োগী, বলিফ্লইউ, জয়সা মুভিজ ইত্যাদি প্ল্যাটফর্ম।

দক্ষিণী পরিচালক সুকুমারের এ সিনেমা বক্স অফিসের সব রেকর্ড ভেঙে দেবে বলে আভাস পাওয়া যাচ্ছে। মুক্তির প্রথম দিনেই এ সিনেমা সকাল ৮টার মধ্যে মোট ২১.০৮ কোটি রুপির ব্যবসা করেছে। ভারতেই খোলা হয়েছিল সিনেমাটির অ্যাডভান্সড বুকিং পোর্টাল। আর প্রথম ১০ ঘণ্টার মধ্যেই বুকিং হয়েছিল প্রায় ৫৫ হাজার টিকিট। সিনেমার পাইরেসির জন্য শাস্তিও রয়েছে, ভারতের ১৯৫২ সালের সিনেমাটোগ্রাফি আইনে ২০১৩ সালে সিনেমার পাইরেসি সংক্রান্ত কিছু নিয়মে পরিবর্তন আনা হয়। ভারতের সেন্সর বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশনও এ আইনের ওপরেই কাজ করে থাকে।

এ আইন অনুসারে পাইরেসির সঙ্গে যুক্ত কাউকেই রেহাই দেওয়া হবে না। পাইরেসির অপরাধে কেউ দোষী প্রমাণিত হলে ৩ লাখ টাকা জরিমানা ধার্য করা হবে তার ওপর এবং সব সিনেমা নির্মাণের খরচের ৫ শতাংশ সেই ব্যক্তিকে জরিমানা দিতে হবে।

অনেক সিনেমা ভারতের প্রেক্ষাগৃহে মুক্তির পর পরই অনলাইনে ফাঁস হয়েছে। এর মধ্যে রয়েছে লাল সিং চাড্ডা, লাইগার ইত্যাদি। শুধু তাই নয়, ওটিটিতে মুক্তি পাওয়া সিনেমাও এখন এ পাইরেসির শিকার। সিনেমা থেকে যে পরিমাণ আয় হওয়ার কথা ছিল সেখানে ২৫-৩০ শতাংশ ক্ষতি হয় এ পাইরেসির ফলে। এ বিষয় এরপর ৩৬ পৃষ্ঠায়


## নগ্ন দৃশ্যে অভিনয় করা নিয়ে যা বললেন বলিউড অভিনেত্রী

আজকাল বিনোদন



বলিউড অভিনেত্রী তামান্না ভাটিয়া। গত কয়েক মাস ধরে সামাজিক যোগাযোগমাধ্যমে রাজত্ব করেছে তার একটি গানের ভিডিও। 'স্ত্রী ২' ছবিতে 'আজ কি রাত' গানের সঙ্গে তার নাচ দর্শক মহলে বেশ সাড়া ফেলেছে। সবুজ পোশাকে তামান্নার অঙ্গভঙ্গিতে মুগ্ধ হয়েছেন তরুণরা। সাধারণত 'আইটেম' গানে নাচের সময় অভিনেত্রীদের স্লিম চেহারা নজর কাড়ে। জিমে পরিশ্রম করা ফিট সেই চেহারাই অন্যতম আকর্ষণ। এখানেই ছক ভেঙেছেন তামান্না। তার শরীরে পাতলা কোমরের চিহ্ন নেই। বরং ভারী চেহারা নিয়েই নেচেছেন তিনি।

নেটিজেনদের মতে, এটা তামান্নার সাহসী পদক্ষেপ। চিত্রনাট্যের প্রয়োজনে সাহসী দৃশ্যেও অভিনয় করেছেন তামান্না। এরপর ৫৩ পৃষ্ঠায়





## লিওনার্দোর সঙ্গে অভিনয়ের প্রস্তাব ফেরালেন শাহরুখ!

আজকাল বিনোদন

শাহরুখ খান, ৬০ বছরের কাছাকাছি বয়স। এই বয়সেও তার সিনেমা ব্লকবাস্টার। মুম্বাই ইন্ডাস্ট্রির কত নতুন নতুন অভিনেতা-অভিনেত্রীর ভিড়েও এই বুড়ো হাড়ের ভেলকি দেখছে দর্শক।

জানেন কি, হলিউড অভিনেতা লিওনার্দো ডিক্যাপ্রিওর সাথে পল শ্রেডার এবং মার্টিন মার্টিন স্করসেসির ছবিতে গ্যাংস্টার চরিত্রে অভিনয় করার কথা ছিল শাহরুখ খানের? কিন্তু শেষপর্যন্ত আর করা হয়নি।

সম্প্রতি পরিচালক পল শ্রেডার প্রকাশ করেছেন যে, তিনি লিওনার্দো ডিক্যাপ্রিও এবং শাহরুখ খানের সাথে একটি ছবিতে কাজের কথা ভেবেছিলেন। কিন্তু পরে পরিকল্পনা বাতিল করা হয়।

শাহরুখ খান, লিওনার্দো ডিক্যাপ্রিও এবং কিংবদন্তি পরিচালক মার্টিন মার্টিন স্করসেসির সাথে 'এক্সট্রিম সিটি' নামে একটি চলচ্চিত্র নিয়ে আলোচনা করেছিলেন পল। কিন্তু শেষ পর্যন্ত পরিকল্পনা ভেস্তে যায়।

কেন সিনেমাটি করা হলো না সেই তথ্য জানিয়েছেন আরেক পরিচালক পল শ্রেডার। তিনি জানিয়েছেন, সিনেমায় শাহরুখ খানের একটি গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করার কথা ছিল। কিন্তু মাঝপথে শাহরুখ সিনেমাটি না করার সিদ্ধান্ত নিয়েছিলেন। পল আরও বলেন, 'মার্টিন স্করসেসি, শাহরুখ খানসহ সকলেই এই প্রকল্পে আগ্রহী ছিলেন। এমনকি এটি নিয়ে আলোচনা করার জন্য বার্লিনে দেখা করেছিলেন তারা। এমনকি সিনেমার জন্য সেটও রেডি করা হয়েছিলো। কিন্তু শাহরুখ সিনেমাটি করার সিদ্ধান্ত থেকে সরে আসেন।'

শ্রেডার উল্লেখ করেছেন, শাহরুখ কখনই একজন স্বতন্ত্র লেখকশৈলীসহ পরিচালকের অধীনে কাজ করেননি এবং তিনি বুঝতে পারেন যে এটি তার জন্য চ্যালেঞ্জিং। এরপর ২২ পৃষ্ঠায়

## ওটিটিতে কুসুম সিকদার

আজকাল বিনোদন



'শরতের জবা' দিয়ে ভালোই রেকর্ড গড়েছিলেন অভিনেত্রী কুসুম সিকদার। একাধারে এই অভিনেত্রী নাম লিখিয়েছেন চিত্রনাট্যকার, প্রযোজক ও পরিচালকের খাতায়। ১১ অক্টোবর, বিপ্লবে বিধ্বস্ত সময়ে মুক্তি পেয়েছিলো ছবিটি। খুব বেশি দর্শক হলে টানতে না পারলেও সমালোচকদের প্রশংসা কুড়িয়েছেন ভালোই।

প্রেক্ষাগৃহের দৃশ্যপট শেষে এবার সেই ছবিটি মুক্তি পাচ্ছে ওটিটি প্ল্যাটফর্মে। লক্ষ্য, ঘরে বসেই যেন দেখতে পায় গোটা পৃথিবীর দর্শক।

কুসুম জানালেন, প্রেক্ষাগৃহে মুক্তির দুই মাসের মাথায় 'শরতের জবা' এবার মুক্তি দিচ্ছেন ওটিটি প্ল্যাটফর্ম আইস্ক্রিনে।

আগামী ১২ ডিসেম্বর বিকাল ৩টায় আইস্ক্রিনে স্ট্রিমিং হবে ভৌতিক জনরার সিনেমাটি। আইস্ক্রিন জানায়, ছবিটি দেখতে ২০ টাকা দিয়ে দর্শককে সাবস্ক্রাইব করতে হবে।

নিজের লেখা বই 'অজাগতিক ছায়া' থেকে 'শরতের জবা' গল্পটি চলচ্চিত্রের পর্দায় তুলে এনেছেন কুসুম। এটি প্রযোজনা করেছে ইমপ্রেস টেলিফিল্ম ও পহরডাঙ্গা পিকচার্স।

একজন একাকী নারীর রহস্যময় জীবনের গল্প 'শরতের জবা'। অতৃপ্ত প্রেম, আঘাতের পর আঘাত, কিছু অপ্রত্যাশিত মৃত্যু জড়ানো জবার জীবন নানা সময়ে একেক প্রশ্নের জন্ম দেয়। জবা কি আসলেই খুনি? নাকি অদৃশ্য কোনও শক্তি রয়েছে তার সাথে? এমন থ্রিলার গল্পে সাজানো হয়েছে সিনেমাটি।

কুসুম বলেন, 'প্রেক্ষাগৃহে মুক্তির সময়টা দর্শকদের অনুকূলে ছিলো না। তবুও অনেক ভালো সাড়া পেয়েছি। এতোটা আশা করিনি। আমার অসম্ভব পছন্দের এই গল্পটি এবার ওটিটির মাধ্যমে সবাইকে দেখানোর চেষ্টা করছি। যারা হলে গিয়ে দেখতে পারেননি, আশা করছি তারা এরপর ৫৩ পৃষ্ঠায়

## কলকাতা চলচ্চিত্র উৎসবেও নেই বাংলাদেশ!

আজকাল বিনোদন






টানা ২৮ বছর পর কলকাতা বই মেলায় অনুপস্থিত থাকছে বাংলাদেশের নাম ও স্টল। ৪৮তম কলকাতা আন্তর্জাতিক বইমেলা অনুষ্ঠিত হতে যাচ্ছে ২৮ জানুয়ারি থেকে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত। যেখানে গত বছর অন্তত ৭০টি বাংলাদেশের স্টল থাকলেও এবার নেই একটিও!

এ নিয়ে দুই বাংলায় তুমুল সমালোচনা চলছে এখনও।

এরমধ্যেই যুক্ত হলো কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে (কেআইএফএফ)। ৪ ডিসেম্বর থেকে শুরু হয়ে চলবে ১১ ডিসেম্বর পর্যন্ত। যেখানে বিশ্বের ২৯টি দেশের ১৮০টি সিনেমা স্থান পেয়েছে। অথচ তাতে থাকছে না বাংলাদেশের একটি ছবিও! শুক্রবার নন্দনের শিশির মঞ্চে ৩০তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সাংবাদিক সম্মেলন থেকে এ বিষয়ে নিশ্চিত হওয়া গেছে।

মূলত রাজনৈতিক পট পরিবর্তন এবং দুই দেশের ভিসা জটিলতার কারণে এবার বাংলাদেশকে উপেক্ষা করা হয়েছে বলে জানিয়েছেন উৎসবের চেয়ারম্যান গৌতম ঘোষ।

সংবাদ সংস্থা পিটিআইকে সম্প্রতি পশ্চিমবঙ্গের এই নির্মাতা আরও বলেন, 'আগের বছরগুলোর চেয়ে এবার পরিস্থিতি আলাদা। ভিসা জটিলতা তো আছেই। বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক ঘটনাপ্রবাহের কারণে পরিস্থিতি স্বাভাবিক হতে সময় লাগবে। বর্তমান পরিস্থিতি বিবেচনায় প্রতিবেশী দেশ বাংলাদেশের কোনও সিনেমা এবার উৎসবের তালিকায় নেই।'

অথচ এর আগে, প্রায় প্রতি বছরই উৎসবটির প্রাণ হয়ে থাকতো বাংলাদেশের সিনেমা ও শিল্পীরা। ২০২২ সালে এরপর ৫৩ পৃষ্ঠায়

## পর্দায় নগ্ন দেখে অভিনেত্রীকে যা বলেছিলেন তার মা



আজকাল বিনোদন

চলতি বছর সিনেমাগুলো আলোচনার কেন্দ্র বিন্দুতে ছিলো তার মাঝে অন্যতম 'দ্য সাবস্ট্যান্স'। এ ছবির কারণে আলোচনায় আসেন অভিনেত্রী মার্গারেট কোয়ালি। একটি দৃশ্যে সম্পূর্ণ নগ্ন দেখা যায় তাকে। সে দৃশ্য দেখে মা কী বলেছিলেন- পিপলডটকমকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন মার্গারেট।

তিনি বলেন, মা প্রিমিয়ারে ছিলেন। তিনি বলেছিলেন, এই সিনেমা তো আমার বন্ধুরা দেখতে পারবে না, আমার বোনেরাও দেখতে পারবে না। কেউই আসলে এটা দেখতে পারবে না। এরপর ৩৬ পৃষ্ঠায়

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক্

Queens Social Adult Day Care Center Inc



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561



যেসব বিষয়ে পরামর্শ দিই

- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
